श्रीवास, वासाणित्र उ वासाणवाध विष्ठात

নবদ্বীপ-শ্রীটেতন্য-সারম্বত-মঠতঃ

শ্রীশ্রী পাক-গৌরাক্সো-জয়তঃ

শ্রীচৈতন্য-সারম্বত-মঠতঃ

প্রীপ্রিগুরু-গৌরালো-জয়ত:

পরমহংস ঠাকুর শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ রচিত 'ক্রেবংর্গ্য' গ্রন্থান্তর্গত—

শ্রীনাম, নামাভাস ও নামাপরাধ বিচার

--প্রচার-সংস্করণ --

নবদ্বীপ-শ্রী**চৈতন্য-সারস্বত-মঠ হইতে** শ্রীরামচন্দ্র ব্রহ্মচারী কর্তৃক প্রকাশিত ও তৎকর্তৃক শ্রীচৈতন্য-সারস্বত প্রিন্টিং ওয়ার্কস হইতে মৃক্রিত।

প্রাপ্তিম্বান :-

গ্রীচৈতন্য-সারস্বত মঠ

কোলেরগঞ্জ, পোঃ নবদ্বীপ, জেলা নদীয়া, পঃ বঃ।

শ্রীটেড্ন্যু-সারস্বত-রুফ্যানুশীলন-সজ্ব (রেঞ্চি:)

৪৮৭, দহদম পাক (৩ নং পৃক্রের নিকট) কলিকাভা ৭০০০৫৮ ৷ কোন নং ৫৭-৩২৯৩

্রীটেতন্য-সারস্বত-ক্রম্ঞাতুশীলন-সভ্য গৌরবাট সাহী, স্বর্গদ্বার, পুরী—িন ৭৫২০০১ উড়িক্স।

গ্রীটেতন্য-সারস্বত আগ্রম

গ্রাম + পোঃ হাপানিয়া, জেলা— ক্রিমান । পশিচমবঙ্গ।

শ্রীশ্রীপুরু-গোলাকো-জয়তঃ

প্রকাশকের নিবেদন

"রক্ষভক্ত নিষ্কাম অতএব শাস্ত। ভুক্তি মুক্তি সিদ্ধিকামী সক**লি অশাস্ত॥"**

(ব্রীচৈতগুচরিতামৃত):

প্রীদ্মহাপ্রভুর সময়ের নামাচার্য্য প্রীল হরিদাসঠাকুরকে আমরা দেখিনি কিন্তু বহু পরবর্তী কালে যে
নামাচার্য্য-ভাল্কর বন্ধজীবের অবিভাত্তম: বিনাশলীলার
নিজেকে সপরিকরে সর্বতোভাবে এজগতে বহুরূপে
প্রকটিত রাখিয়া আজও দ্বারে দ্বারে প্রীহরিনাম
মহামন্ত্র বিতরণ করিয়া চলিয়াছেন, সেই সারস্বতগৌড়ীয়ের প্রাণপুরুষ ঠাকুর প্রীল কেদারনাথ
ভক্তিবিনোদের নিরন্তর সেবাস্রোড্যিনীর বিমল
প্রবাহের কণা-স্পর্শে ধন্য হইয়াছি—একথা লাজ-বীজ
খাইয়াও স্বীকার করিতে হইকে। আজ মদি ঠাকুর
প্রীল ভক্তিবিনোদ হাবিভূতি না হইতেন, তবে ত্রয়োদশ

অপসম্প্রদায়ের "নিজভোগে গড়া গৌরাঙ্গের" দয়ায় "অপূর্ব্ব বৈষ্ণবভত্ত্ব" সম্বন্ধে কোন ধারণাই করার সুযোগ হইত না। তাঁহারই কুপায় সমগ্র বিশ্ব আজ পরমানন্দে "জয় শচীনন্দ্ন", "জয় নিভাই গৌরাক" "জয় পঞ্চত্ত্বাত্মক শ্রীকৃষ্ণ" বলিয়া নৃত্য করিডেছে এবং "অভূদেশহে গেহে তুমুল-হরিসংকীর্ত্তনরবো বভৌ দেহে দেহে বিপুলপুলকাঞ্চব্যতিকর:"—- শ্রীল প্রবোধানন্দ সরস্বতী পাদের এই শ্লোক মৃত্তিপরিগ্রহ করিয়া ঘরে ঘরে বিরাজ করিতেছে। আজ অপরাধ বিহীন শ্রীহরিনাম মহামন্ত্র সংকীর্ত্তন-প্রচেষ্টায় সমগ্র বিশ্বের যে সমস্ত ভাগ্যবান জীবকুল ব্যাকুলভাবে অগ্রসর হইয়া চলিয়াছেন, তাঁহাদেরই স্বষ্ঠু সেবার জন্ম শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের অপূর্ব্বদান "জৈবধর্ম" গ্রন্থ হইতে "শ্রীনামতত্ত্ব, নামাভাস ও নামাপরাধবিচার" অংশটী পৃথক গ্রন্থাকারে প্রকাশ করিয়া তাঁহারই পরমাদৃত পরমাঞ্রিত দাস-দাসামুদাসগণের করকমলে সমর্পণ করিয়া ধন্যাতিধন্য হইলাম।

বাঁহারা নামাভাস ও নামাপরাধের বিচার পূর্বেক শুদ্ধ নামচিশ্তামণির সেবায় নিজেদের উৎসর্গ করিয়া শ্রীগুরুবৈষ্ণবসেবার অপূর্ব্ব চমংকারিত। অমু ভব করিতে করিতে আনন্দ চিন্ময় রসবিগ্রহ নাম প্রভুর কুপালাভে কৃতার্থ হইতে চাহেন—তাঁহারা অবশ্যই ইহা নিত্যপাঠ্য গ্রন্থ ক্লাপে গ্রহণ করিয়া পরমানন্দ লাভ করিবেন—ইহাতে কোন সন্দেহ নাই। অলমতি বিস্তরেণ— ইতি—

দীনাধম

শ্ৰীকৃষ্ণ-পঞ্চমী

প্রকাশক

শ্রীল প্রভূপাদের আবির্ভাব ডিথি ৮ই ফেব্রুয়ারী, ১৯৮৮।



ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিরক্ষক শ্রীধরদেব গোস্বামী মহারাজ



ওঁ বিফুপাদ সচ্চিদানন্দ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুর

নিত্যধৰ্ম্ম ও সম্বন্ধাভিধেয়প্ৰয়োজন

(প্রমেয়ান্তর্গত নামতত্বিচারারন্ত)

বিল্বপুষ্ণরিণী একটা রমণীয় গ্রাম; তাহার উত্তর ও পশ্চিমদিকে ভাগীরথী প্রবাহমানা। বিশ্ববনবেষ্টিত পুন্ধরিণাতীরে বিশ্বপক্ষ মহাদেবের মন্দির; তাহার অনতিদূরে ভবতারণ বিরাজমান। একদিকে বিশ্ব-পুষ্বিণী অন্তদিকে ব্রাহ্মণপুষ্বিণী—উভয় পল্লীর মধ্যে 'সিমুলিয়া' নামে গ্রাম শ্রীনবদ্বীপ-নগরের একান্তে অবস্থিত। সেই বিল্পপুষ্ণরিণীর মধ্যবর্ত্তী রাজপথের উত্তরে ব্রজনাথের গৃহ। বিজয়কুমার স্বীয় ভগিনীর নিকট হইতে বিদায় হইয়া কিছুদূর গমন করডঃ মনে করিলেন যে, 'নামতত্ব না জানিয়া বাটী যাইব না'। বিল্বপুষ্ণরিণীতে পুনরাবর্ত্তন করতঃ আবার ভগিনী ও ভাগিনেয়কে দর্শন করিয়া বলিলেন—'আমি আর ছই একদিন থাকিয়া বাটী যাইব'। অপরাহে ব্রজনাথের **ह** छोमछा तामाञ्ची (तामानन्तीय ?) मण्यानायी 📵-তিলকধারী তুইটী বৈষ্ণব আসিয়া উপস্থিত

হইলেন। ব্রজনাথের বাটীর সম্মুখে দিব্য একটী পনসবৃক্ষের ছায়ায় উক্ত বৈষ্ণবেদ্বয় আসন করিয়া বসিলেন এবং পতিত কাষ্ঠসকল আহরণ করতঃ একটী ধুনী জালাইয়া ইন্দ্রাশনের ধূম্র পান করিতে লাগিলেন। ব্রজনাথের জননী অতিথিসেবায় আনন্দ-লাভ করিতেন। অভুক্ত অতিথি দেখিয়া তিনি গৃহ হইতে নানাবিধ খাছদ্রব্য আন্যুন করিলেন; তাঁহারা সম্ভষ্ট হইয়া রোটিকা পাক করিতে আরম্ভ করিলেন। বৈষ্ণবদ্বয়ের প্রশাস্ত ম্থঞ্জী দর্শন করিয়া ব্রজনাথ ও বিজয়কুমার তাঁহাদিগের নিকট ক্রমশঃ আকুষ্ট হইলেন। ব্ৰহ্ননাথ ও বিজয়ের গলে তুলসীমালা এবং অঙ্গে দ্বাদশতিলক দেখিয়া তাহাদিগকৈ সম্মান করত: বিস্তীর্ণ কম্বলের উপর বসাইলেন। ব্রজনাথের প্রশ্ন-ক্রমে একটা বাবাজা কহিলেন,—মহারাজ, আমরা অযোধ্যা দর্শন করিয়া ঐধান নবদীপে আসিয়াছি, **চৈতন্যপ্রভুর লীলাস্থান দর্শন করিব—ইহাই** আমাদের মানস। ব্রজনাথ কহিলেন.—আপনারা জ্রীনবদ্বীপেই পৌছিয়াছেন; অন্ত এইস্থানে বিশ্রাম করিয়া শ্রীমন্মহাপ্রভুর জন্মস্থান ও শ্রীবাস-অঙ্গন দর্শন করুন।

কাবাজী দয় মহানন্দে শ্রীগীতা হইতে পাঠ করিলেন (:al)—"যদগত্বা ন নিবর্ত্তন্তে তন্ধাম পরমং মন।" আমরা আজ ধন্য হইলাম—সপ্রপুরীমধ্যে প্রধান শ্রীমায়াপুরতীর্থ দর্শন করিলাম।

বাবাজীদ্বয় সেই পনসবৃক্ষতলে আসীন হইয়া 'অর্থপঞ্ক'৾৾৾ আলোচনা করিতে লাগিলেন। সেই অর্থপঞ্চে 'স্ব-ম্বরূপ', 'পর-স্বরূপ', উপায়-স্বরূপ' পুরুষার্থ-স্বরূপ এবং 'বিরোধি-স্বরূপ'—এই পাঁচটা বিষয়ের বিবরণ শ্রবণ করতঃ বিজয়কুমার শ্রীসম্প্রদায়ের ভত্তত্ত্ব লইয়া অনেক বিচার করিতে লাগিলেন। বল্লুক্রণ বিচার হইলে পর বিজয়কুমার বলিলেন—আপনাদের সম্প্রদায়ে শ্রীনামভত্ত্বের কিরূপ সিদ্ধান্ত আছে বলুন। উক্ত বৈষ্ণবদ্ধ তত্নত্তরে যাহা কিছু বলিলেন, তাহা শুনিয়া ব্রজনাথ ও বিজয়ের মনে কিছুমাত্র সুখ হইল ব্রজনাথ কহিলেন—মামা, অনেক বিচার করিয়া দেখিলাম যে, কৃষ্ণনামাশ্রয় ব্যতীত জীবের আর মঙ্গল নাই। শুদ্ধকৃঞ্চনাম জগতে প্রচার করিবার

শ্রীমায়াপুরস্থ শ্রীটেডয়য়য়য় হইতে প্রকাশিত উক্ত গ্রন্থ দ্রপ্রবা।

নিমিত্ত আমাদের প্রাণেশ্বর গৌরাঙ্গ এই মায়াপুরতীর্থে অবতীর্ণ হইয়াছিলেন। শ্রীপ্তরুদেব গতকল্য যে উপদেশ দিয়াছিলেন, তন্মধ্যে বলিয়াছিলেন যে, সমস্ত ভক্তিপ্রকারের মধ্যে শ্রীনামই প্রধান; আরও বলিয়াছিলেন যে, নামতত্ত্ব পৃথগ্রপে বুঝিয়া লইবে। মামা, চলুন অভাই সন্ধ্যাকালে এই বিষয়টী ভাল করিয়া বুঝিয়া লই। অভিথি-বৈষ্ণবিদিগকে বিশেষ যত্ন করতঃ তাঁহারা নানাবিধ আলোচনায় অপরাহুকালটী যাপন করিলেন।

সন্ধ্যা-আরাত্রিক সমাপ্ত করিয়া বৈষ্ণবগণ শ্রীবাসঅঙ্গনে বকুল-চবুতরার উপর বসিয়া আছেন; বৃদ্ধ
রঘুনাধানস বাবাজী মহাশয় তন্মধ্যে বসিয়া তুলসী
মালায় নামসংখ্যা করিতেছেন, এমন সময় ব্রজনাথ ও
বিজয় আসিয়া সাষ্টাঙ্গ প্রণিপাত করিলেন। বাবাজী
মহাশয় তাঁহাদিগকে আলিঙ্গন করতঃ কহিলেন,—
'ভোমাদের ভজনস্থ বৃদ্ধি পাইতেছে ত' ? বিজয়
করজোড়ে কহিলেন,—প্রভা, আপনার কৃপায়
আমাদের সর্বত্র মঙ্গল; কৃপা করিয়া অভ্য আমাদিগকে
নামতত্ব উপদেশ করুন। বাবাজী মহাশয় প্রফুল্লবদনে

বলিতে লাগিলেন—ভগবানের নাম তুইপ্রকার, মুখ্য ও গৌণ, জগৎস্ষ্টি হইতে মায়াগুণ অবলম্বনপূর্বেক যে সকল নাম প্রচলিত হইয়াছে, সে সমস্তই গৌণ অর্থাৎ গুণসম্বন্ধীয়—'সৃষ্টিকর্তা', 'জগৎপাতা', 'বিশ্ব-নিয়ন্তা', বিশ্বপালক', 'পরমাত্মা' প্রভৃতি বহুবিধ গৌণ নাম; আবার মায়াগুণের ব্যতিরেকসম্বন্ধে 'ব্রহ্ম' প্রভৃতি কয়েকটী নামও গৌণনাম মধ্যে পরিগণিত। এই সমস্ত গৌণনামে বহুবিধ ফল থাকিলেও সাক্ষাৎ চিৎফল সহসা উদিত হয় না। ভগবানের চিজ্জগতে যে মায়িক কাল ও দেশের অভীত নামসকল নিতা-বর্ত্তমান, সেই সমস্ত নামই চিনায় ও মুখ্য—'নারায়ণ', 'বাস্থদেব', 'জনার্দন', 'হৃষীকেশ', 'হরি', 'অচ্যত', 'গোবিন্দ', 'গোপাল', 'রাম' ইত্যাদি সমস্তই মুখ্য-নাম: এসমস্ত নাম চিদ্ধামে ভগবৎস্বরূপের সহিত ঐক্যভাবে নিত্য বর্ত্তমান। এই নাম জড্জগতে মহাসৌভাগ্যবান্ পুরুষদিগের জিহ্বায় ভক্তিদারা আকৃষ্ট হইগা নৃত্য করেন। নামের সহিত মায়িক জগতের কিছুমাত্র সম্বন্ধ নাই। নাম স্বভাব**তঃ** ভগবানের সর্কশক্তিসম্পর—ায়িক জগতে অবভীর্ণ

হইয়া মায়াকে ধ্বংস করিতে প্রবৃত্ত হন। এই জড়জগতে বর্ত্তমান জীববৃদ্দের হরিনাম ব্যতীত আর বন্ধ নাই। অতএব বৃহলারদীয় পুরাণে—

হরেনিটেমব নাটেমব নাটেমব মম জীবনম্।
কলো নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতির ল্যথা॥ (১)
নামের অনস্তশক্তি। পাপানলদগ্ধ জীবের পক্ষে
হরিনাম অথিলপাপের উন্মূলক; যথা গারুড়ে—
অবশেনাপি যন্নান্নি কীতিতে সর্ব্বপাত কৈঃ।
পুমান্ বিমূচ্যতে সভঃ সিংহত্রস্তৈম্ গৈরিব॥ (২)
নামাশ্রিত ব্যক্তির সকল ছঃখই নামকর্ত্ক শমিত
হয়; সর্বব্যধিনাশকত্ব-ধর্মাও নামে আছে; যথা
স্কান্তে—

⁽১) হরিনামই আমার জীবন, হরিনামই আমার জীবন, হরিনামই আমার জীবন; এই কলিকালে নাম ভিন্ন জীবের অন্য গতি নাই, অন্য গতি নাই, অন্য গতি নাই

⁽২) সিংহরবে ভীত মৃগগণ যেরূপ পলায়ন করে, তদ্ধেপ পুরুষ যদৃচ্ছাক্রমে নামোচ্চারণ করিলে সর্ব-পাপ দূর হইয়া তৎক্ষণাৎ তিনি মুক্ত হন।

আধ্য়ো ব্যাধ্য়ো যস্ত স্মরণারামকীর্ত্তনাং।
ভাদৈব বিলয়ং যান্তি তমনন্তং নমাম্যহম্॥ (৩)
ছরিনামকারী ব্যক্তি কুল-সঙ্গাদি (পংক্তি) পবিত্র
করেন; ব্রহ্মাণ্ডপুরাণে—

মহাপাতকষুজোঽপি কীর্ত্তয়নিশং হরিম্।
তদ্ধান্তঃকরণো ভূজা জায়তে পংক্তিপাবনঃ॥ (৪)
নামপরায়ণ ব্যক্তির > হংখের উপশম হয়; যথা
বৃহবিষ্ণুপুরাণে—

স্ক্রোগোপশ্মং স্কোপ্রবনাশ্ন্য । শাক্তিদং স্ক্রিটানাং হরেনামান্কীর্কন্য ॥ (*)

- (৩) বাঁহার নামত্মরণ-কীওন ২০তে যাবতীয় আধি-ব্যধিসমূহ তৎক্ষণাৎ বিন্য হয়. সেই অনস্তদেবকে আমি নমস্কার করি।
- (৪) মহাপাপিষ্ঠও যদি তিরকর হরিকীর্ত্তন করেন, ভাহা হইলে তাঁহার অন্তঃকরণ শুদ্ধ হইয়া যায় ও ভিনি পংক্তিপাবন হন (অর্থাং িছ শ্রেষ্ঠ্য লাভ করেন)।
- (৫) অনুক্ষণ হরির নংকীর্ত্তন সর্ব্বপ্রকার রোগ ও উপদ্রবনাশক এবং সর্বিপ্রকার বিস্থনাশ করেন বলিয়া মঙ্গণ প্রেদ।

नामाळात्रवकातीत किल-वाश थारक नाः येथा বৃহন্নারদীয়ে—

হরে কেশব গোবিন্দ বাস্থদেব জগন্ময়। ইতীরয়ন্তি যে নিত্যং ন হি তানু বাধতে কলিঃ॥ (৬) নাম ভাবণ করিবামাত নারকীর উদ্ধার হয়: যথা নারসিংহে—

যথা যথা হরেনাম কীর্ত্তয়ন্তি স্ম নারকাঃ। তথা তথা হরে। ভক্তিমুদ্ধহস্তো দিব্যং যযুঃ॥ (৭)

হরিনাম উচ্চারণ করিলে প্রারস্করণর বিনষ্ট হয়: যথা ভাগবতে দেখা যায় (১২৷৩৷৪৪)— যন্নামধেয়ং ম্রিয়মাণ আতুরঃ পতন

স্থালন বা বিবশো গুণন পুমান।

⁽৬) যাঁহারা নিত্যকাল হরে, কেশব, গোবিন্দ, বাস্থদেব—এই বলিয়া নামসমূহ কীর্ত্তন তাঁহাদের উপর কলির আধিপত্য থাকে না।

⁽৭) নারকিগণ যে যে স্থানে হরিনাম কীর্ত্তন করিয়াছিল, সেই সেই স্থানে তাঁহারা হরিভক্তি লাভ করিরা দিব্যধাম প্রাপ্ত হইয়াছেন।

বিমৃক্তকর্মার্গল উত্তমাং গতিং
প্রাপ্রোতি যক্ষ্যন্তি ন তং কলোঁ জনাঃ॥ (৮)
হরিনাম সর্ববেদের অধিক; যথা ক্ষান্দে—
মা ঝচো মা যজুস্তাত মা সাম পঠ কিঞ্চন।
গোবিশ্বেতি হরেনাম জ্বেয়ং গায়স্থ নিত্যশঃ॥ (৯)
হরিনাম সর্ববিধের অধিক; যথা বামনপুরাণে—
ভীর্থকোটীসহস্রাণি তীর্থকোটীশতানি চ।
ভানি সর্ববাণ্যবাপ্রোতি বিফ্রোনামানি কীর্ত্তনাৎ॥ (১০)
হরিনামের আভাসও সর্ববসৎকর্ম্মের অনন্তপ্তণে
অধিক; যথা ক্ষান্দে—

- (৮) আহা! যাঁহার প্রিয় নাম মুমুর্ ও আতুর অবস্থায় এবং পড়িতে পড়িতে, স্থালিত হইতে হৈইতে বা বিবশ হইয়া গ্রহণ করিলেও কর্মবন্ধন হইতে মুক্ত হইয়া উত্তমা গতি লাভ হৈয়। কলিকালে তুর্ দ্ধিলোকই তাঁহার যজন করিতে অনিচ্ছুক হয়—ইহাই তুংখের বিষয়।
- (৯) হে তাত, ঝক্, যজুং, সামাদি বেদপাঠে কিছুই প্রয়োজন নাই। গোবিন্দাদি হরিনামই একমাত্র কীর্ত্তনীয়, তুমি তাহাই সর্বদা গান কর।

গোকোটীদানং গ্রহণে খগস্থা
প্রয়াগগঙ্গোদককল্পবাসঃ।
যজ্ঞাযুতং মেরুস্থবর্ণদানং
গোবিন্দকীর্ত্তের্ন সমং শতাংশৈঃ॥ (১১)
হরিনাম সর্ব্বার্থ দান করেন; যথা স্কান্দে—
এতং ষড়্বর্গহরণং রিপুনিগ্রহণং পরম্।
অধ্যাত্মমূলমেতদ্ধি বিষ্ণোর্নামানুকীর্ত্তনম্॥ (১২)
হরিনামে সর্ব্বশক্তি আছে; যথা স্কান্দে—
দানব্রত্তপস্তীর্থক্ষেত্রাদীনাঞ্চ যাঃ স্থিতাঃ।
শক্তাঃ দেবমহতাং সর্ব্বপাপহরাঃ শুভাঃ॥

- (১০) শত সংস্রকোটী তীর্থসেবার সমগ্র ফল বিষ্ণুর নামকীর্ত্তন হইতে লাভ করা যায়।
- (১১) পুর্য্যগ্রহণে কোটী-গোদান, প্রয়াগ-গঙ্গাদিতে কল্পকাল বাস, অষ্ত যজ্ঞ ও পর্বেত-পরিমাণ স্বর্ণ-দান—এইসব গোবিন্দ্কীর্ত্তনাভাসের শতাংশের একাংশের সমও নহে।
- (১২) অনুক্ষণ বিষ্ণুর এই নামকীর্ত্তনই জন্মযুত্য প্রভৃতি ষড়্বর্গের বিনাশ ও কামাদিরিপুসমুহের নিগ্রহকারী এবং অধ্যাত্মজ্ঞানের মূল।

রাজস্য়াশ্বমেধানাং জ্ঞানসাধ্যাত্যস্তুনঃ। আকৃষ্য হরিণা সর্কাঃ স্থাপিতা স্বেষু নামস্থ॥ (১৩)

হরিনাম সর্বজগতের আনন্দকর; যথা ভগবদগীতায় (১১৷৩৬)—

> স্থানে হৃষীকেশ তব প্রকীর্ত্ত্যা জগৎ প্রহৃষ্যতানুরজ্যতে চ। (১৪)

যিনি নাম উচ্চারণ করেন, নাম তাঁহাকে জগদ্বন্য করেন। বৃহন্নারদীয়ে—

নার।য়ণ জগন্নাথ বাস্থদেব জনার্দ্দন। ইতীরয়ন্তি যে নিতাং তে বৈ সর্বত্ত বন্দিতাঃ॥ (১৫)

⁽১৩) শ্রেষ্ঠ দেবগণের সর্বেপাপনাশিনী ও মঙ্গলদায়িনী শক্তিসমূগ, যাহা দান, ব্রত. তপ, তীর্থক্ষেত্রাদিতে বর্ত্তমান এবং রাজস্থাশ্বমেধাদি যজে এবং
অধ্যাত্মবস্তার জ্ঞানে নিহিত আছে, ভগবান্ হরি সে
সমুদ্র শক্তিই আকর্ষণ করিয়া নিজ নামে অর্পণ
করিয়াছেন।

^{(.}৪) হে হানীকেশ, তোমার গুণকীর্ত্তন শুনিয়া জগৎ হাই হইয়া অনুরাগ লাভ করে।

নামই একমাত্র অগতির গতি; যথা পাদ্মে—
অনন্যগতয়ো মর্ত্ত্যা ভোগিনোহপি পরস্তপাঃ।
জ্ঞানবৈরাগ্যরহিতা ব্রহ্মচর্য্যাদি বর্জিডাঃ॥
সর্ব্বধর্ম্মোজ্মিতাঃ বিষ্ণোর্নামমাত্রৈকজল্পকাঃ।
স্থাখন যাং গতিং যাস্তি ন তাং সর্ব্বেহপি
ধান্মিকাঃ॥ (১৬)

হরিনাম সর্বদা সর্বত্ত সেব্য; যথা বিষ্ণুধর্মোত্তরে—
ন দেশনিয়মস্তন্মিন্ ন কালনিয়মস্তথা।
নোচ্ছিপ্তাদৌ নিষেধোহস্তি শ্রীহরেনামি লুককে॥ (১৭)

- (১৫) খাঁহারা নারায়ণ, জগনাথ, বাস্থদেব, জনার্দ্দন প্রভৃতি নাম কীর্ত্তন করেন, তাঁহারা সর্বত্র বন্দিত হন।
- (১৬) যে সকল মানবের আর অন্ত গতি নাই, যাহারা বিষয়ভোগী, পরদ্রোহী, জ্ঞানবৈরাগ্যবিহীন, বৃদ্ধার্চার বিহীন, তাহারা এক্মাত্র বিষ্ণুনামানুশীলনন্বারা যে গতি লাভ করেন, সমুদায় ধান্মিক মিলিত হইয়াও সেই গতি পান না।
- (১৭) হরিনাম-লোভীর পক্ষে হরিনাম-গ্রহণে দেশ-কালের নিয়ম নাই, উচ্ছিষ্টাদি-বিষয়ে নিষেধ নাই।

মুমুকু দিগকে নাম অনায়াসে মুক্তি দান করে; যথা বারাহে —

নারায়ণাচ্যতানন্ত-বাস্থদেবেতি যো নবঃ। সততং কীর্ত্তয়েদ্ধুবি যাতি মল্লয়তাং স হি॥ (১৮) গারুড়ে—

কিং করিষ্যতি সাংখ্যেন কিং যোগৈর্নরনায়ক।

মুক্তিমিচ্ছসি রাজেন্দ্র কুরু গোবিন্দকীর্ত্তনম্॥ (১৯)

হরিনাম জীবকে বৈকুঠলোক প্রাপ্তি করান; যথা
নন্দীপুরাণে—

সর্বত সর্বকালেমু যেহপি কুর্বস্তি পাভকম্।
নামসংকীর্তনং কুত্বা যান্তি বিফোঃ পরং পদম্॥ (২০)

- (১৮) জগতে যে মানব নারায়ণ, অচুড়ত, অনস্ত, বাম্বদেব প্রভৃতি নাম সর্ব্বদা কীর্ত্তন করেন, তিনি ভক্তিযোগদার। আমাতে যুক্ত হন।
- (১৯) হে রাজেন্দ্র, যদি (স্বরূপপ্রাপ্তি) মুক্তিবাসনা করেন, তবে গোবিন্দনাম কীর্ত্তন করুন; হে নরনাথ, সাংখ্য ও যোগাদির কি প্রয়োজন ?
 - (২০) যিনি সর্বত্র ও সর্বেকালে পাপ-কর্মাদিতে রত, তিনিও সংকীর্ত্তন-প্রভাবে শুদ্ধ হইয়া বিষ্ণুর প্রমপদ প্রাপ্ত হন।

হরিনাম ভগবানের প্রসন্নতা উৎপত্তি করান, বৃহনারদীয়ে—

নামসংকীর্দ্তনং বিষ্ণোঃ ক্ষুতৃট্প্রাপীড়িতাদিষু।
করোতি সভতং বিপ্রাক্তস্ত প্রীভো হুধোক্ষজঃ॥ (২১)
হরিনাম ভগবান্কে বশীকরণে সমর্থ; যথা
মহাভারতে—

ঋণমেতৎ প্রবৃদ্ধং মে হৃদয়ায়াপসর্পতি।

য়দেগাবিন্দেতি চুক্রোশ কৃষ্ণা মাং দূরব।সিনম্॥ (২২)

হরিনামই স্বভাবতঃ জীবের পরমপুরুষার্থ; যথা

স্কানেদ ও পাদ্মে—

ইদমেব হি মাঙ্গল্যমেতদেব ধনার্জনম্। জীবিতস্য ফুলক্ষৈতদযদ্দামোদরকীর্জনম॥ (২৩)

(২১) হে বিপ্রগণ ক্ষা-তৃষ্ণাদিক্লিষ্ট অবস্থা সত্ত্বেও বিষ্ণুর নামকীর্ত্তন করিলে তাঁহার প্রতি অধোক্ষজ অত্যন্ত প্রীত হন।

(২২) দ্রোপদী দূরবাসী আমাকে 'হে গোবিন্দ' বলিয়া যে আহ্বান করিয়াছিলেন, সেই ঋণ অত্যন্ত বদ্ধিত হইয়া আমার হৃদয় হইতে দূরীভূত হইতেছে না।

ভক্তিসাধনের যত প্রকার আছে, ভন্মধ্যে হরিনামকীর্ত্তনাই সর্বশ্রেষ্ঠ ; যথা বৈষ্ণব-চিন্তামণিতে—
অঘচ্ছিৎস্মরণং বিষ্ণোর্বহ্বায়াসেন সাধ্যতে।
ওঠস্পন্দনমাত্রেণ কীর্ত্তনং তু ততো বরম্॥ (২৪)
বিষ্ণুরহস্যে—
যদভার্চ্চ্য হরিং ভক্তাা কৃতে ক্রতুশতৈরপি।
ফলং প্রাপ্নোত্যবিকলং কলো গোবিন্দকীর্ত্তনম্॥ (২৫)
ভাগবতে (১২।০)৫২)—

কৃতে যদ্ধ্যায়তে। বিষ্ণুং ত্রেভায়াং যজতো মথৈঃ।
দ্বাপরে পরিচর্যায়াং কলে তদ্ধরিকীর্ত্তনাৎ॥ (২৬)

- (২৩) এই দামোদর-নামকীর্ত্তনই একমাত্র মঙ্গল, একমাত্র নিভ্যধন এবং জীবনের একমাত্র ফল।
- (২৪) বিপন্নাশন বিষ্ণুর নামস্মরণদ্বারা পাপ দ্রীভূত হয় বটে, কিন্তু ভাহা বহু আয়াসে সাধিত হয়, আর ওষ্ঠস্পন্দন হইলেই (কৃষ্ণোচ্চারণ হইবা মাত্র) ভদপেক্ষা শ্রেষ্ঠ কীর্ত্তন গ্রয়া যায়।
- (২৫) সভাষুগে ভক্তির সহিত হরির অর্চ্চন ও শত শত যজ্ঞাদিদারা যে ফল পাওয়া যায়, কলিষুগে গোবিনদু-কীর্ত্তনদারা ভাহা সমস্তই পায়।

বিজয়কুমার, এখন চিন্তা করিয়া দেখ, হরিনামের আভাসও সকল সংকর্ম হইতে শ্রেষ্ঠ; কেননা, সংকর্মমাত্রই উপায়স্বরূপ হইয়া তছদিষ্ট ফল প্রদান-পূর্বেক নিরস্ত হয়, বিশেষতঃ সংকর্ম যেরূপেই হউক, জড়ময়; কিন্ত হরিনাম চিনায়, স্মৃতরাং উপায়স্বরূপ হইয়াও তিনি ফলকালে স্বয়ং উপেয়-স্বরূপ। আবার বিচার করিয়া দেখ, ভক্তির যে সমস্ত অঙ্গ নিদিষ্ট আছে, সে সমস্তই হরিনামকে আশ্রয় করিয়া আছে।

বিজয়। প্রভা, হরিনাম যে চিন্ময়, তাহা বেশ বিশ্বাস হইভেছে; তথাপি এই তত্ত্তী নিঃসন্দেহরূপে ব্রিতে গেলে অক্ষরস্বরূপ নাম কিরূপে চিন্ময় হইতে পারেন, ইহা ব্রিয়া লওয়া আবশ্যক—কুপা করিয়া বলুন।

বাবাজী। শাস্ত্র (পাল্নে) বলেন—
নাম চিন্তামণিঃ কৃষ্ণশৈচততারসবিগ্রহঃ॥
পূর্ণঃ শুদো নিত্যমুক্তোইভিন্নডানামনামিনোঃ॥ (২৭)

⁽২৬) সত্যমুগে বিষ্ণুর ধ্যান, ত্রেতায় যজ্ঞানুষ্ঠান ও দ্বাপরে পরিচর্য্যাকারীর যাহা হয়, কলিকালে হরি-কীর্ত্তনদ্বারা তংসমুদ্য লাভ

নাম ও নামী প্রস্পার অভেদতত্ব, এত্রিবদ্ধন নামিরাপ কৃষ্ণের সমস্ত চিন্ময় গুণ ভাঁহার নামে আছে. नाम मर्तना পরিপূর্ণতত্ত্ব; হরিনামে জডসংস্পর্শ নাই, তাহা নিতামুক্ত, যেহেতু কখনই মায়াগুণে আবদ্ধ হয় নাই; নাম স্বয়ং কৃষ্ণ, অতএব চৈতন্ত্রসের বিগ্রহ-স্বরূপ: নাম চিন্তামণি-স্বরূপে যিনি যাহা চান. তাঁহাকে তাহা দিতে সমর্থ।

বিজয়। নামাক্ষর কিরূপে মায়িকশব্দের অতীত হইতে পারে 🕈

বাবাজী। জড়জগতে হরিনামের জন্ম হয় নাই। চিৎকণস্বরূপ জীব শুদ্ধস্বরূপে অবস্থিত হইয়া তাহার চিন্ময়শরীরে হরিনাম-উচ্চারণের অধিকারী; জগতে মায়াবন্ধ হইয়া জড়েন্দ্রিয়ের দ্বারা শুদ্ধনামের উচ্চারণ করিতে পারে না, কিন্তু হলাদিনী-কুপায় স্থ- রূপের যে সময়ে ক্রিয়া হয়, তথনই তাঁহার নামোদ্য হয়। সেই নামোদয়ে মনোবৃতিতে গুদ্ধনাম কৃপাপুর্বক

⁽১৭) বৃষ্ণনাম চিত্রামণিস্বরূপ, স্বয়ংকুষ্ণ, ১৮ত্র-রসবিগ্রাহ, পূর্ণ মায়াভীত, নিত্যমুক্ত; কেননা, নাম-নামীতে ভেদ নাই।

অবতীর্ণ হইয়া ভক্তের ভক্তিপৃত-জিহ্বায় নৃত্য করেন।
নাম অক্ষরাকৃতি ন'ন, কেবল জড়জিহ্বায় নৃত্য
করিবার সময় বর্ণাকারে প্রকাশিত হন—ইহাই
নামের রহস্য।

বিজয়। মুখ্যনামসকলের মধ্যে কোন্নাম অতিশয় মধুর ?

বাবাজী। শতনামস্তোতে বিলয়াছেন—
বিক্ষোরেকৈকং নামাপি সর্ববেদাধকং মতম্।
তাদৃক্নামসহত্রেণ রামনামসমং স্বৃতম্॥ (২৮)
আবার ব্রহ্মাণ্ডপুরাণে বলিয়াছেন—
সহস্রনায়াং পুণ্যানাং ত্রিরাবৃত্যা তু যৎ ফলম্।
একাবৃত্যা তু ক্ষাস্থ নামৈকং তং প্রযাহ্নতি॥ (২৯)
কৃষ্ণনামাপেক্ষা আর উৎকৃষ্ট নাম নাই। অতএব
আমার প্রাণনাথ গৌরাঙ্গ যে "হরে কৃষ্ণ হরে কৃষ্ণ"
ইত্যাদি নাম শিক্ষা দিয়াছেন, তাহাই নিরন্তর করিতে
থাক।

⁽২৮) বিষ্ণুর একটা নাম সর্ববেদের অধিক, ভাদুশ সহস্র নাম একটা রামনামের তুল্য।

⁽২৯) অপ্রাকৃত সহত্র নাম তিনবার আবৃত্তি করিলে যে ফল, কৃষ্ণনামের একবারমাত্র আবৃতিতে সেই ফল।

বিজয়। হরিনাম সাধনের পদ্ধতি কি ?

বাবাজী। তুলসীমালায় বা তদভাবে করে সংখ্যা রাখিয়া নিরন্তর নিরপরাধে হরিনাম করিবে। শুদ্ধনাম হইলে নামের ফল যে প্রেম, তাহা পাওয়া যায়। সংখ্যা রাখিবার ভাৎপর্য্য এই যে, সাধকের ক্রমশঃ নামালোচনা বৃদ্ধি হইডেছে কিনা, জানা যায়। তুলসী হরিপ্রিয় বস্তু স্কুডরাং তৎসংস্পর্শে নামের অধিক ফল অসুভব করা যায়। নাম করিবার সময়ে কৃষ্ণের স্বরূপ ও নামে অভেদবৃদ্ধিপূর্বেক নাম করিবে।

বিজয়। প্রভা, সাধনাক নববিধ বা ৩৪ প্রকার। একাক নাম নিরন্তর করিলে অন্য অক্সাধনের সময় কিরূপে পাওয়া ঘাইবে !

বাবাজী। ইহাতে কঠিন কি ? চতুঃমৃষ্টি ভক্ত্যুক্ত নববিধ ভক্তির অন্তর্গত। শ্রীমৃত্তির অর্চনেই হউক বা নির্জ্জনে নাম-সাধনেই হউক, নববিধ ভক্তির সর্বত্ত আলোচনা হইতে পারে। শ্রীমৃত্তির সম্মুথে কৃষ্ণনাম শুদ্ধভাবে শ্রবণ, কীর্ত্তন, স্মরণ ইত্যাদি হইকেই নাম-সাধন হইল। যেখানে শ্রীমৃত্তি নাই, সেখানে শ্রীমৃত্তি-স্মরণপূর্বক শ্রীমৃত্তিতে তাঁহার নাম-শ্রবণ-কীর্ত্তনাদি সমস্ত নববিধ অকের সাধন হইতে পারে। বাঁহাদের স্কৃতিক্রমে নাম-কীর্ত্তনে বিশেষ স্পৃহা জন্মে, ভাঁহারা নিরন্তর নামকীর্ত্তন করিতে করিতে সকল ভক্ত্যকের কার্য্য করিয়া থাকেন। প্রবণ-কীর্ত্তনাদির মধ্যে শ্রীনাম কীর্ত্তন সর্ব্বাপেক্ষা প্রবল সাধন—কীর্ত্তনানল-সময়ে অন্য কোন সাধনাক্রের পরিচয় না আসিলেও তাহাই যথেই।

विकय । नित्रस्त नाम कितार्थ हय ?

বাবাজী। নিদ্রাকাল ব্যতীত দেহব্যপারাদির নির্ব্বাহকালে এবং অন্ত সময়ে সর্বদা নাম কীর্ত্তন করার নাম নিরম্ভর নামকীর্ত্তন। নামসাধনে কোন-প্রকার দেশ, কাল ও অবস্থাজনিত নিষেধ নাই।

বিজয়। আহা! যে পর্য্যস্ত আপনি কৃপা করিয়া আমাদিগকে নিরস্তর ,নামকরণে শক্তিদান না করেন সে পর্য্যস্ত বৈষ্ণব-পদবী লাভের কোন আশা দেখি না।

বাবাজী। বৈশ্ববের প্রকার পূর্বের বলিয়াছি। স্থান্থেশ্বর গৌরাঙ্গ সভ্যরাজ খানকে বলিয়াছিলেন যে, যিনি একবার কৃষ্ণনাম করেন, তিনি বৈষ্ণুব; যিনি

নিরস্তর কুষ্ণনাম করেন, তিনি বৈষ্ণবতর; যাঁহাকে পেৰিলে অন্যের মুখে কৃষ্ণনাম আইসে, ছিনি ৰৈঞ্ব-ভম ৷ মুভরাং ভোমরা যখন শ্রন্ধার সহিত কখন কখন কৃষ্ণনাম করিতেছ, তখন ভোমরা বৈষ্ণবপদবী লাভ কবিয়াছ।

বিজয়। শুদ্ধকৃষ্ণনাম ও ভদিভর খাহ। কিছু জ্ঞাতব্য তাহাও বলুন।

বাবাজী। সম্পূর্ণ-শ্রদ্বোদিত অনগ্রভক্তিতে যে কৃষ্ণনামের উদ্য় হয়, তাহাকেই 'কৃষ্ণনাম' বলে; তদিত্র যে কিছু নামের মত লক্ষিত হয়, তাহা হয় নামাভাস, নমু নামাপরাধ হইয়া থাকে।

বিজয়। প্রভো, হরিনামকে 'সাধ্য' বলিব, না 'সাধন' বলিব ?

বাবাজী। সাধনভক্তি'র সহিত যথন নাম হইতে থাকে, নামকে 'সাধন' বলিতে পার; আবার ্যখন 'ভাব' ও 'প্রেমভক্তি'র সহিত নাম হয়, তখন নামকেই 'নাধ্যবস্তু' জানিবে। সাধকের ভক্তির অবস্থাক্রমে নামের সঙ্কোচ ও বিকাশের প্রতীতি হয়।

২২ জ্রীনামতত্ত্ব নামাভাস ও নামাপরাধ বিচার

বিজয়। কৃষ্ণনাম ও কৃষ্ণস্করপের পরিচয়-ভেদ আছে কিনা ?

বাবাজী। কিছুমাত্র পরিচয়-ভেদ নাই; কেবল একটি রহস্য আছে যে, 'স্বরূপ' অপেক্ষা 'নাম' অধিক কৃপা করেন—স্বন্ধপের প্রতি যে অপরাধ কৃত হয়, তাহা স্বরূপ কথনও ক্ষমা করেন না, কিন্তু স্বরূপের প্রতি অপরাধ কৃষ্ণনাম কৃপা করিয়া ক্ষমা করেন। তোমরা নামাপরাধ অবগত হইয়া তাহা যত্নপূর্বেক বর্জন করতঃ নাম করিবে; কেননা নিরপরাধ না হইলে শুদ্ধনাম হয় না। আগামী কল্য 'নামপরাধ' বুঝিয়া লইবে।

ব্রজনাথ ও বিজয়কুমার নাম-মাহাত্ম্য ও নামের স্বরূপতত্ত্ব অবগত হইয়া ধীরে ধীরে শ্রীগুরুদেবের পদধূলি লইয়া বিশ্বপুষ্বিণী গমন করিলেন।

নিত্যধৰ্ম্ম ও সম্বন্ধাভিধেয়প্ৰয়োজন

(প্রমেয়ান্তর্গত নামাপরাধবিচার)

ব্রজনাথ ও বিজয়কুমার সে রাত্রে বিশুদ্ধভাবে তুলসীমালায় সংখ্যা রাথিয়া অর্দ্ধলক্ষ নাম করিয়া অধিক রাত্রে নিদ্রা গেলেন। উভয়েই শুদ্ধনামে কৃষ্ণকুপা অনুভব করিয়া পরদিন প্রাতে পরস্পর সমস্ত কথা বলিয়া প্রভূত আনন্দ লাভ করিয়াছিলেন। গঙ্গাস্থান, কৃষ্ণার্চন, হরিনাম, দশমূলপাঠ, শ্রীভাগবভ আলোচনা, বৈষ্ণুবসেবা ও ভগবংপ্রসাদ-সেবা ইত্যাদি বিষয়ে দিবস যাপন করতঃ সন্ধ্যার পর শ্রীবাস-অঙ্গনে বৃদ্ধ বাবাজী মহাশয়ের কুটীরে উপস্থিত হইলেন। সাষ্ট্রাক্ত দণ্ডবং প্রণাম করতঃ উভয়ে সমাসীন হইলে পূর্ব্বদিনের প্রস্তাব মত বিজয়কুমার নামাপরাধ-তত্ত্ব জিজ্ঞাসা করিলেন। স্বীয় স্বাভাবিক প্রসন্নতার সহিত বাবাজী মহাশয় বলিতে লাগিলেন – নাম যেক্সপ সর্বোত্তম তত্ত্ব, নামাপরাধ সেইরূপ সকল প্রকার পাপ ও অপরাধ অপেক্ষা কঠিন। সর্বেপ্রকার পাপ ও অপরাধ নামাশ্রয়মাত্রেই দূর হয়, নামাপরাধ তত সহজে যায় না। পালে--

নামাপরাধষ্ক্তানাং নামান্সেব হরস্তাঘম্। অবিশ্রান্তপ্রমুক্তানি তাত্যেবার্থকরাণি চ (১)

অবিশ্রান্ত নাম করিতে পারিলে নামাপরাধযুক্ত বার্ক্তির অপরাধ নামই হরণ করেন। দেখ বাবা, নামাপরাধক্ষয়ের উপায় কত কঠিন! স্বতরাং স্ববৃদ্ধি व्यक्ति नामानवाद वर्জनभूव्वक नाम कविया पाकन। নামাপরাধ যাহাতে উৎপন্ন না হয় এরূপ যত্ন করিতে পারিলে শুদ্ধনাম অতিশীঘ উদিত হন। কোন ব্যক্তি অঞ্পুলকের সহিত নাম করিতেছে, কিন্তু তথাপি অপরাধ-গতিকে উচ্চারিত নাম তাঁহার পক্ষে (শুদ্ধ) নাম হইতেছে না সাধকগণ বিশেষ সতৰ্ক না হইলে শুদ্ধনাম উচ্চারণ করিতে পারেন না।

বিজয়। প্রভা, শুদ্ধনাম কিরাপ গ

বাবাজী। দশ অপরাধশৃত্য হরিনামই গুদ্ধনাম। বর্ণাশুদ্ধি ইত্যাদি বিচার কোন কার্য্য নাই। যথা পাছে-

⁽১) নামাপরাধিগণের অপরাধ নামই হরণ করেন। নিরন্তর কীত্তিত ২ইলেই কৃষ্ণনামে প্রয়োজন (প্রেম) লাভ হয়।

নামৈকং যস্তা বাচি স্মরণপথগতং শ্রোত্রমূলং গতং বা শুদ্ধং বাশুদ্ধবর্ণং ব্যবহিতরহিতং তার্যুত্যের সভ্যম। **उक्तिक्ट-**स्विन-जन्जा-लाভ-পाষাनমধ্য নিকিপং সারফুলজনকং শীঘ্রমেবাত বিপ্র॥

এই শ্লোকের অর্থ এই যে.—"হে বিপ্রা. একটা ছরিনামও যদি কাছারও জিহবায় উদিত হন, বা স্মর্গ-পথগত হন, অথবা প্রবণপথগত হন, তিনি (নাম) অবশা তাঁহাকে উদ্ধার করিবেন। নামের বর্ণশুদ্ধতা বা বর্ণের অশুদ্ধতা বা বিধিমত ছেদাদি-রহিততা এস্থলে কোন কার্য্য করে না : কিন্তু বিচার্য্য এই যে. সেই সর্বশক্তিসম্পন নাম, দেহ, গেহ, অর্থ, জনতা, লোভ প্রভৃতি পাষাণমধ্যে পতিত হইলে শীঘ্র ফল-জনক হন না। এই প্রতিবন্ধক তুই প্রকার অর্থাৎ সামাত্র ও বৃহৎ—সামাত্র প্রতিবন্ধক থাকিলে উচ্চারিত নাম 'নামাভাস' হয়, কিন্তু কিছু বিলম্বে ফল দান করে; রহৎ প্রতিবন্ধক থাকিলে উচ্চারিত নাম 'নামাপরাধ' হয়, তাহা অবিশ্রান্ত নামোচ্চারণ ব্যতীত বিগত হয় না।"

বিজয়। এখন দেখিতেছি যে, সাধকবাক্তিগণের

পক্ষে নামাপরাধজ্ঞান ব্যতীত আর উপায় নাই। কুপা করিয়া নামাপরাধগুলি বলুন।

বাবাজী। নামাপরাধ দশ প্রকার; যথা পাছে — সতাং নিন্দা নামঃ পরমপরাধং বিতকুতে যতঃ খ্যাতিং যাতং কথমুসহতে তদ্বিগর্হাম্। (১) শিবস্থ জ্রীবিষ্ণোর্থ ইহ গুণনামাদি-সকলং ধিয়া ভিন্নং পশ্যেৎ স খলু হরিনামাহিতকরঃ॥ (২) গুরোরবজ্ঞা। (৩)

- (১) সাধ্বর্গের নিন্দা শ্রীনামের নিকটপরম অপরাধ বিস্তার করে; যে সকল নামপরায়ণ সাধ্গণ হইতে জগতে কৃষ্ণনামমাহাত্ম্য প্রসিদ্ধ হন, শ্রীনাম সেই সকল সাধ্গণের নিন্দা কি প্রকারে সহ্য করিবেন ?
- (২) এই সংসারে মঞ্চলময় গ্রীবিফুর নাম, রূপ, গুণ ও লীলাদিতে যে ব্যক্তি বৃদ্ধিদারা পরস্পর ভেদ দর্শন করে অর্থাৎ প্রাকৃত বস্তুর ন্যায় শ্রীবিফুর নাম, রূপ, গুণ ও লীলা—নামি-শ্রীবিফু হইতে ভিন্ন এইরূপ মনে করে, অথবা শিবাদি দেবতাকে বিফু হইতে স্বতন্ত্র বা সমান জ্ঞান করে, তাহার সেই হরিনাম (নামাপরাধ) নিশ্চয়ই অহিতকর।

শুভিশ'স্ত্রনিন্দনম্। (৪)
তথার্থবাদো। (৫)
হরিনামি কল্পনম্। (৬)
নামো বলাদ্ যস্তা হি পাপবুদ্ধিন্।
বিভাতে তস্তা যমৈহি শুদ্ধিঃ॥ (৭)
ধর্মবিভত্যাগহত্যাদি-সর্বশুভক্রিয়াসাম্যমপি
প্রমাদঃ। (৮)

- (৩) যে ব্যক্তি নামভত্ববিদ গুরুতে প্রাকৃত বৃদ্ধি।
- (৪) বেদ ও সাত্তপুরাণাদির নিন্দা।
- (e) হরিমাম-মাহাত্ম্যকে অভিস্তৃতি।
- (e) ভগবরাম সকলকে কল্লিত মনে করে, সে নাম-অপরাধী।
- (৭) যে ব্যক্তি নামবলে পাপাচরণে প্রবৃত্তি হয়, বহু যম, নিয়ম, ধ্যান-ধারণাদি কৃত্রিম যোগ-প্রক্রিয়াদারাও তাহার নিশ্চয়ই শুদ্ধি ঘটে না;
- (৮) ধর্মা, ব্রত, ত্যাগ, হোমাদি—এই সকল প্রাকৃত শুভকর্মের সহিত অপ্রাকৃত নামকে সমান জ্ঞান করাও অনবধানতা।

অশ্রদ্ধানে বিমুখেইপ্যশৃগতি যশ্চোপদেশঃ শিবনামাপরাধঃ ॥ (১) শ্রুতেহপি নামমাহাত্ম্যে যঃ প্রীতিরহিতো নরঃ। অহং মমাদি পরমো নামি সোহপ্যপরাধকুৎ॥ (১০) বিজয়। অমুগ্রহপূর্বেক এক একটী শ্লোকের পুথক ব্যাখ্যা করিয়া অপরাধগুলি বুঝাইয়া দিন।

বাবাজী। প্রথম শ্লোকে ছুইটা অপরাধের বিবরণ আছে। প্রথম অপরাধ এই যে, ষে-সকল সাধ একমাত্র নামাশ্রয় করিয়াছেন এবং সমস্ত কর্মা, ধর্মা, জ্ঞান ও যোগ পরিত্যাগ করিয়াছেন, তাঁহাদের নিন্দা করিলে বৃহদপরাধ হয়, কেননা, যাঁহারা নামের যথার্থ মাহাত্মা জগতে বিস্তার করিতেছেন, তাঁহাদের নিন্দা

⁽৯) শ্রদ্ধাহীন নামশ্রবণে বিমুখ ব্যক্তিকে যে উপদেশ প্রদান – তাহাও মঙ্গলপ্রদ নামের নিকট অপরাধ বলিয়া গণ্য:

⁽১০) যে ব্যক্তি—নাম-মাহাত্য্য প্রবণ করিয়াও 'আমি'ও 'আমার' এইরূপ দেহাকাবোধযুক্ত হইয়া তাঁহাতে প্রীতি বা অনুরাগ প্রদর্শন করে না, সে ব্যক্তি ও নামাপরাধী।

হরিনাম সহিতে পারেন না। নামপরায়ণ সাধুদিগের নিন্দা পরিত্যাগপূর্বেক তাঁহাদিগকেই সর্বোত্তম সাধু বলিয়া তাঁহাদের সঙ্গে নাম কীর্ত্তন করিলে নামের শীঘ্র কুপা হয়।

বিজয়। প্রথম অপরাধ স্থলররূপে বৃঝিলাম; প্রভো, দ্বিভীয় অপরাষ্টী এইক্লপে বুঝাইয়া দিন। বাবাজী। উক্ত শ্লোকের দ্বিতীয়ার্দ্ধে দ্বিতীয় অপরাধের ব্যাখ্যা আছে; ঐ ব্যাখ্যা তুই প্রকার; প্রথম প্রকার এই যে, দেবাগ্রগণ্য সদাশিব ও শ্রীবিষ্ণু, ইহাদের গুণনামাদিসকল বৃদ্ধিদারা পৃথক্রপে দেখিলে নামাপরাধ হয়; তাৎপর্য্য এই যে, সদাশিব একটি পৃথক্ স্বতন্ত্র শক্তিসিদ্ধ ঈশ্বর এবং বিষ্ণু একটা পৃথক ঈশ্বর—এরূপ কল্পনা করিলে বহুবীশ্বরবাদ আসিয়া পড়ে, তাহাতে ভগবানের প্রতি অনগ্রভক্তির বাধা জন্মে, অতএব শ্রীকৃষ্ণই সর্বেরশ্বর এবং তাঁহার শক্তি হইতেই শিবাদি দেবতার ঈশ্বরত্ব অর্থাৎ সেই সেই দেবতার পৃথক শক্তিসিদ্ধতা নাই, এইরূপ বৃদ্ধিব সহিত হরিনাম করিলে অপরাধ হয় না! দ্বিভীয় অর্থ এই যে, শিবস্বরূপ এর্থাৎ সর্বনঙ্গলস্বরূপ, শ্রীভগবানের

নাম, রূপ, গুণ ও লীলাকে তাঁহার নিত্যসিদ্ধ বিগ্রহ হইতে পৃথক বলিয়া দেখিলে নামাপরাধ হয়। অতএব কৃষ্ণস্বরূপ, কৃষ্ণনাম, কৃষ্ণগুণ ও কৃষ্ণলীলা —সকলই অপ্রাকৃত ও পরস্পর অপূথক্' এরূপ জ্ঞান ও বিজ্ঞান লাভ করিয়া কৃষ্ণনাম করিবে, নতুবা নাম অপরাধ হইবে। এইরূপ সম্বদ্ধজ্ঞান লাভ করতঃ কৃষ্ণনাম করিবার বিধি।

বিজয়। প্রথম ও দ্বিতীয় অপরাধ বুঝিলাম;
যেহেতু আপনি পূর্বেই কুপা করিয়া ঐক্ষের
অপ্রকৃত চিন্ময়স্কপের গুণ-গুণী, নাম-নামী, অংশঅংশী ইত্যাদি ভেদাভেদসম্বন্ধে তত্ত্ব্যাখ্যা করিয়াছিলেন। যাঁহারা নামাশ্রয় করেন, তাঁহাদের পক্ষে
ঐ্গ্রিকচরণে চিদ্চিৎ তত্ত্বের পার্থক্য এবং পরস্পারের
সম্বন্ধ জানিয়া লওয়া আবিশ্যক। এখন তৃতীয় অপরাধ
ব্যাখ্যা করুন।

বাবাজী। নামতত্ত্বের সর্বোত্তমতা যিনি শিক্ষা দেন, তিনিই নামগুরু তাঁহার প্রতি অচলা ভক্তি রাখা কর্ত্তব্য। যিনি নামগুরুর প্রতি এরূপ অবজ্ঞা করেন যে, তিনি নাম শাস্ত্রই অবগত আছেন মাত্র, কিন্তু যাঁহারা বেদান্ত-দর্শনাদি অধিক জানেন, তাঁহারা নামশাস্তগুরু অপেক্ষা শাস্তার্থ অধিক অবগত, তিনি নাম
অপরাধী। বস্তৃতঃ নামতত্ত্বিদ্ গুরু অপেক্ষা আর
উচ্চগুরু নাই, তাঁহাকে তদ্রপ লঘু মনে করিলে নাম
অপরাধ হইবে।

বিজয় । প্রভা, আপনার প্রতি আমাদের যদি শুদ্ভতি পাকে, ত্রেই আমাদের সুমঙ্গল ৷ এখন কুপা করিয়া চতুর্থ অপরাধাব্যাখ্যা করুন ৷

বাবাজী। আন্তিশাস্ত্র বিশেষ প্রমার্থশিক্ষার স্থলে নামকে সর্কোপরি রাখিয়াছেন; যথা (হঃ ভঃ বিঃ ১১।২৭৪-২৭৬)—

ওঁ আহস্য জানন্তো নাম চিদ্বিবিক্তন
নহন্তে বিষ্ণো স্থম্তিং ভজামহেন।
ওঁ তৎ সং। ওঁ পদং দেবস্থ নমসা
ব্যক্তঃ প্রবস্থাবশ্রব আপর্য়ক্তফ্॥
নামানি চিদ্দিধিরে যজ্ঞিয়ানি
ভজায়ান্তে রণয়ন্তঃ সংদৃষ্টো॥
ওঁ তমু স্তোভারঃ পূর্বাং যথাবিদ
ঝাছস্থ গত্ত[†]ং জনুষা নিপর্ত্তন।

<> শ্রীনামতত্ত্ব নামাভাস ও নামাপরাধ বিচার

আহস্ত জানস্তে। নাম চিদ্বিবিক্তন্ মহস্তে বিষ্ণো স্থমভিং ভজামহে॥ (২)

(২) হে বিষ্ণো, তোমার এই নাম চৈতক্যবিগ্রহ, সর্ববিধানক, যেতেতু তাহা হইতে সকল বেদের আবির্ভাব; অথবা ইহা প্রমানন্দ এবং ব্রহ্মস্বরূপ, স্থুলভ অথবা প্রাবিভারেপ—আমরা সেই নাম বিচার-পূর্বেক কীর্ত্তন করিতে করিতে ভদ্ধন করি।

হে বিষ্ণো, ভোমাতে নিষ্ঠা হইবার পর ভোমাকে সাক্ষাৎ দেখিবার জন্স ভক্তজনশোধচিচ্ছক্তিবিলাসী ভোমার পাদপদ্মদ্বয়ে বহু বহু প্রণতি বিস্তার করিতে করিতে চতুর্দ্দিকে ভোমার যশোরাশি প্রবণ করিতে করিতে এবং পরস্পর কীর্ত্তন করিতে করিতে আমরা ভোমার চৈতন্তস্বরূপ, স্বভদ্র, অর্চ্চ্য নামসমূহ আপ্রয় করিয়া আছি।

অহো, সেই প্রাসিদ্ধ ভগবান্ পুরাণপুরুষ শ্রীকৃষ্ণকে যেরূপ জান, সেই ভাবেই স্তব কর, তিনি দেবতাৎপর্য্যগোচর অথবা সচ্চিদানন্দ্যন; তাহা হইতে তোমাদের জন্ম সার্থক হউক; অথবা বহু অব্তারসমস্থিত তাঁহাকে পরিপূর্ণরূপে বর্ণন কর; এইর।প সকল বেদে ও সকল উপনিষদে নামনাহাত্ম্য দৃষ্ট হয়; এইসকল শ্রুতির নিন্দা করিলে
নামাপরাধ হয়। অনেকে ছুর্ভাগ্যবশতঃ শ্রুতির
অহাত্য উপদেশকে অধিক সম্মান করতঃ নামার্থপ্রতিপাদক শ্রুতির প্রতি যে অবহেলা করে, তাহাই
তাহাদের নামাপরাধ; সেই অপরাধ্ক্রমে
তাহাদের নামে রুচি হয় না। তোমরা এই সমস্ত
প্রধান প্রধান শ্রুতিবাক্যকে শ্রুতিশিরোমণি জ্ঞানে
হয়িনাম করিবে।

বিজয়। প্রভা, আপনার শ্রীমুখে যেন অমৃতবর্ষণ হইতেছে! এখন পঞ্চম নামাপর: জানিবার জন্ম আমরা তৃষ্ণাযুক্তা।

বারাজী। হরিনামে যে অর্থবাদ, ভাহাই পঞ্চম-অপরাধা। জৈমিনী সংহিতায়—

অথবা আমরা যে ভাবে জানি, সে ভাবে জানিয়া ভোমার স্তব করিতে করিতে জন্মের সার্থকতা করিয়া ভোমার এই চৈতক্তবিগ্রহ সর্বব্যকাশক প্রমানন্দ স্থপত নামকে সর্বেশিংকৃষ্ট বলিয়া অবধারণপূর্বক কীর্তন করিতে করিতে ভজনা করি।

৩৪ - শ্রীনামতত্ত্ব নামাভাস ও নামাপরাধ বিচার

শ্রুতিস্বৃতিপুরাণেষু নামমাহান্ম্যবাচিষু। যেহর্থবাদ ইতি জ্রয়ুর্ন তেষাং নিরয়ক্ষয়ঃ॥ (৩)

ব্রহ্মসংহিতায় বৌধায়নের প্রতি শ্রীভগবান্ বলিয়াছেন---

> যন্নামকীর্ত্তনফলং বিবিধং নিশম্য ন শ্রুদ্দধাতি মহুতে যতুতার্থবাদম্। যো মাহুষস্তমিহ তঃখাচয়ে ক্ষিপামি সংসারঘারবিবিধাতিনিপীড়িতাক্সম্॥ (8)

শাস্ত্র কহিয়াছেন যে, ভগবদ্ধামে ভগবানের সকল শক্তি আছে; নাম চিন্ময়, অতএব মায়িকজগৎকে সংহার করিতে সমর্থ।

⁽৩) যাহারা নামমাহাত্ম্যবাচক শ্রুতি ও পুরাণসমূহে অর্থবাদ আছে এই কথা বলে, ভাহারা অক্ষয় নরকে পতিত।

⁽⁶⁾ যে নর নামকীর্তনের বিবিধফল প্রবণ করিয়াও শ্রেদ্ধাযুক্ত হয় না, অতিস্তৃতিমাত্র মনে করে, তাহ।কে আমি বিবিধতঃখনিপীড়িত করিয়া ক্লেশময় ঘোর সংসারমধ্যে নিক্ষেপ করি।

বিফুধণ্মে--

কৃষ্ণেতি মঙ্গলং নাম যস্ত বাচি প্রবর্ততে।
ভত্মীভবস্তি রাজেন্দ্র মহাপাতককোটয়ঃ॥ (৫)
বৃহনারদীয়ে—

নাতাৎ পশ্যামি জন্তনাং বিহায় হরিকীর্ত্তনম্। সর্ব্বপাপপ্রশমনং প্রায়শ্চিত্তং দ্বিজোতমঃ॥ (৬)
বৃহদ্বিষ্ণুপুরাণে—

নায়োহস্য যাবতী শক্তিঃ পাপনির্হরণে হরেঃ।
তাবৎ কর্ত্ব্যুন শক্তোতি পাতকং পাতকী জনঃ॥ (৭)।
এই সমস্ত নামমাহাত্য্য প্রম সত্য, ইহা শ্রবণ
করিয়া কর্ম ও জ্ঞান-ব্যবসায়ী লোক নিজ নিজ ব্যবসা

- (৫) হে রাজেন্দ্র, কৃষ্ণ ইত্যাদি মঙ্গলময় নাম ঘাঁহার মুখে বর্ত্তমান, তাঁহার কোটা কোটা মহাপাপ ভস্মীভূত হইয়া থাকে।
- (৬) হে দিজোত্তম, বিনি সর্ব্বপাপপ্রশমনকারী হরিকীর্ত্তন পরিত্যাগ করে, তাঁহাকে আমি পশুগণ হুইতে ভিন্ন দর্শন করি না।
- (৭) হরিনামে যত পাপনাশিনী শক্তি বর্ত্তমান, পাতকী ব্যক্তিও তত পাণ করিতে সমর্থ নহে।

রক্ষার নিমিত্ত ইহাতে অর্থবাদ করেন। অর্থবাদ এই যে, শাস্ত্র মামসম্বন্ধে যে মাহাজ্যু বলিয়াছেন ভাহা প্রকৃত নয়, কেবল নামে মতি প্রদান করিবার জন্য এরূপ কলশ্রুতি লিখিয়াছেন। এই নামাপরাধে সেই সকল লোকের নামে রুচি হয় না। ভোমরা শাস্ত্রোক্তন্বাক্যে বিশ্বাসপূর্বক হরিনাম করিবে; যাহারা অর্থন্বাদ করে; ভাহাদিগের সঙ্গ করিবে না, এমন কি হঠাৎ ভাহাদিগকে দেখিলে বস্ত্রের সহিত স্নান করিবে, এরূপ শিক্ষা শ্রীগোরাঙ্গ দিয়াছেন।

বিজয়। প্রভা, গৃহস্থলোকের পক্ষে শুদ্ধনামগ্রহণ বড় সহজ নহে, কেননা, তাহারা সর্বদা নামাপরাধী অসংলোকে পরিবৃত। আমাদের ভায় ব্রাহ্মণ-পণ্ডিতের পক্ষে সংসঙ্গ বড় কঠিন! হে প্রভা, আপনি কৃপা করিয়া সেই সকল কুসঙ্গ-পরিত্যাগে শক্তি প্রদান করুন। আপনার মুখে ষ্ডই প্রবণ করিতেছি, তড়ই শুক্ষা বৃদ্ধি পাইতেছে। এখন ষ্ঠাপরাধ বলুন।

বাবাজী। ভগবানের নামসকলকে কল্পিত মনে ক্রিলে ষষ্ঠাপরাধ হয়। মায়াবাদিগণ এবং কর্ম্মজড়-সকল মনে করেন যে, প্রমতত্ত্বিক্ষা নির্বিকার ও নাম-রূপশৃত। তাঁহার রামকৃষ্ণাদি-নাম কার্য্যসিদ্ধির জন্য ঋষিগণ কল্লনা করিয়াছেন—যাহাদের এরূপ সিদ্ধান্ত, তাহারা নামাপরাধী। হরিনাম নিত্যবস্ত ও চিনায়—ভক্তির সহিত চিদিন্দ্রিয়ে নাম উদিত হন, এই মাত্র। সদগুরু ও শ্রুতিশাস্ত্র হইতে ইহাই শিক্ষা করিয়া হরিনামকে সভ্য বলিয়া জানিবে. কল্লিভ বলিয়া মনে করিলে কখনই নামের কুপা হইবে না।

বিজয়। প্রভা, যে পর্য্যন্ত আপনার অভয় পদ আশ্রয় না করিরাছিলাম, সে পর্যান্ত কর্মাজত ও নৈয়ায়িকগণের সঙ্গে আমাদের ধেরাপ বৃদ্ধি ছিল, আপনার কৃপায় সে বৃদ্ধি দূর হইয়াছে। এখন কৃপা করিয়া সপ্তম অপরাধ ব্যাখ্যা করুন।

বাবাজী। যাহার। নামবলে পাপাচারণে প্রবৃত্তি ছয়, তাহারা নামাপ্রাধী। নামের ভরসায় যে সকল পাপ করা যায়, তাহা যমনিয়মদারা ভদ্ম হয় না. কেননা, তাহা নামাপরাধের মধ্যে গণিত হওয়ায় নামাপ্রাধক্ষয়ের যে গ্রুতি আছে, তাহাতেই তা গ্ৰের ক্ষম যা।

বিজয়। প্রভো, জগতে যখন এরূপ পাপ নাই

যাহা নামে বিনষ্ট হয় না, তখন নামোচ্চারণকারীর পাপ বিনষ্ট না হইয়া কেন অপরাধের মধ্যে পরিগণিত হয় ?

বাবাজী। বাবা, জীব যেদিন শুদ্ধনামাশ্রয় করেন. সেদিন এক নামেই তাঁহার প্রারব্ধ ও অপ্রারব্ধ সমস্ত পাপই বিনষ্ট হয়; পরে যে নাম করেন, ভাহাতে নামে প্রেম হয়; স্বভরাং শুদ্ধনামাশ্রিভ ব্যক্তির পাপবৃদ্ধি দূরে থাকুক, পুণ্যাদিকার্য্যেও রুচি থাকে না; পাপপুণ্যের কথা দূরে থাকুক, মোক্ষেও রুচি থাকে না: নামাখ্রিত ব্যক্তি কখনই পাপ করিকেন না। তবে এই মাত্র ইহাতে বিবেচ্য যে, সাধক ব্যক্তি নাম উচ্চারণ করিতেছেন, তথাপি তাঁহার কিছু কিছু অপরাধ থাকায় উচ্চারিত নাম কেবল 'নামাভান' হয়, (শুদ্ধ) নাম হয় না। নামাভাসেও পূর্ব্বপাপক্ষয় হয় এবং নৃতন পাপে রুচি জন্মে না, কিন্তু পূর্বে অভ্যাস-ক্রমে কিছু কিছু পাপাবশেষ থাকে, তাহা নামাভাসে ক্রমশঃ ক্ষয় পাইতে থাকে, কদাচিৎ কোন পাপ হঠাৎ হইয়া পড়ে, ভাহাও নামাভাসে দূর হয়; কিন্তু ষ.দি সেই নামাশ্রয়ী বাজি এরপে মনে করেন যে, নামের

দ্বারা যখন সকল পাপ ক্ষর হয়, আমি যদি কোন পাপ করি তাহাও অবশ্য ক্ষর পাইবে—এই ভরসায় তিনি যে পাপাচরণ করেন, সেই পাপ অপরাধ হইয়া পড়ে।

বিজয়। অষ্টমাপরাধ ব্যাখ্যা করিয়া আমাদিগচে পরিতৃপ্ত করুন।

বাবাজী। ধর্ম অর্থাৎ বর্ণাশ্রম ও দান।দি-ধর্ম, ত্রত অর্থাৎ সমস্ত শুভদ কর্ম্ম, ত্যাগ অর্থাৎ সর্বাকর্ম-ফলত্যাগরূপ আস-ধর্ম, হুত অর্থাৎ বহুবিধ যজ্ঞ ও অষ্টাঙ্গযোগাদি-এই সকল সংকর্মাধ্যে পরিগণিত। ইহা ব্যতীত শাস্ত্রে যেসকল শুভক্রিয়া নিদিষ্ট আছে, সে সমস্তই জড়ধর্মান্তর্গত, সুতরাং প্রাকৃত; কিন্ত ভগবন্নাম প্রকৃতির অতীত। পূর্ব্বোক্ত সমস্ত সংকর্মই উপায়স্বরূপ হইয়া অপ্রাকৃত সুখরূপ উপেয় সংগ্রহ করিবার প্রতিজ্ঞা করে, স্মতরাং সে সকল উপায় মাত্র—কেহই উপেয় নয়; কিন্তু হরিনাম সাধনকালে উপায় হইলেও ফলকালে স্বয়ং উপেয়; অভএব হরি-নামের সহিত অন্য কোন সংকর্মের তুলনা নাই। যাঁহ!দের মনে অন্য সংকর্মের সহিত হরিনামের

অনন্যবৃদ্ধি আসিরা উপস্থিত হয়, তাঁহারা নামাপরাধী।
সেই সেই কর্মের বেশসকল ক্ষুদ্রকল নির্ণীত আছে,
ভাহা নামের নিকট প্রার্থনা করিলে নামাপরাধ হয়;
কেননা ভাহাতে অন্ত সৎকর্মের সহিত নামের সামান্
বৃদ্ধি হইয়া পড়ে। ভোমরা সংকর্মের ভুচ্ছফল
জানিয়া হরিনামকে অপ্রাকৃতবৃদ্ধিতে আত্রার করিবে
নাইহাই অভিধের জান।

বিজয়। প্রতা, হরিনামের তৃশ্য আর কিছুই
নাই, তাহা আমাদের বোধ হইতেছে। এখন নবম
অপরাধ ব্যাক্ষা করুন—আমাদের চিত্ত বড়ই সতৃষ্ণ
হইয়াছে।

বাবাজী। বেদশান্তে যাহা কিছু উপদিষ্ট হইয়ছে, সর্ব্বাপেক্ষা হরিনামোপদেশ শ্রেষ্ঠ। অন্যভক্তিতে যাঁহাদের শ্রন্ধা জন্মিয়াছে, তাঁহারাই হরিনামের প্রকৃত অধিকারী। যাহাদের শ্রন্ধা হয় নাই, অপ্রাকৃতসেবায় বিমুখ এবং হরিনামশ্রবণে রুচিহীন, তাহাদিগকে হরিনাম উপদেশ করিলে নামাপরাধ হয়। হরিনাম সম্ব্রাপরি এবং সেই হরিনাম গ্রহণ করিলে সকলের মঙ্গলা ইইবে—এরপে উপদেশ কীর্ত্তন করাই ভাল;

অধিকারী না দেখিয়া হরিনাম দান করিবে না। যখন তুমি প্রমভাগবত হইবে, তখন তুমিও শক্তি সঞ্চার করিতে পারিবে; কুপাপূর্ব্তক প্রথমে শক্তিসঞ্চার করিয়া যে জীবের নামে শ্রন্ধা উৎপত্তি করিবে. তাঁহাকে হরিনাম উপদেশ করিবে। যভদিন মধ্যম বৈষ্ণব থাক, ততদিন অশ্রদ্ধান, বহিন্ম্ ও বিদ্বেষী ব্যক্তিদিগকে উপেক্ষা করিবে।

বিজয়। প্রভো, অনেকেই অর্থলোভে বা যদঃ-লোভে অন্ধিকারীকে হরিনাম মহামন্ত্র দান করেন. তাঁহারা কিরাপ ?

বাবাজী। তাঁহারা নামাপ্রাধী।

বিজয়। কুপা করিয়া দশম অপরাধটী ব্যাখ্যা ক্রুন।

বাবাক্রী। যিনি এই জডীয় সংসারে 'আমি একজন এবং এই সমস্ত সম্পত্তি ও জনগণ আমার' এরপ বৃদ্ধিতে মত্ত হইয়া থাকেন, কদাচিৎ কোন দিন ক্ষণিক বিরাগ বা জ্ঞানের উদয় হইলে পণ্ডিতদিগের নিকট নামমাহাত্ম্য প্রবণ করেন, অথচ সেই নামে যে প্রীতি করা উচিত তাহা করেন না, তিনিও নামাপরাধী। এই জন্মই শিক্ষান্তকে এরূপ কৃথিত হুইয়াছে,—

নামামকারি বছধা নিজসর্ববশক্তি-স্তত্তাপিতা নিয়মিতঃ স্মরণে ন কালঃ। এতাদৃশী তব কুপা ভগবন্মমাপি ছুদ্দিবমীদৃশমিহাজনি নামুরাগঃ॥ (৮)

বাবা, এই দশ অপরাধশূতা হইয়া নিরস্তর হরিনাম কর—নাম অতি শীঘ কৃপা করিয়া প্রেম দিয়া পরম-ভাগবত করিবেন।

বিজয়। প্রভো, দেখিতেছি যে, মায়াবাদী, কর্ম-বাদী, যোগী সকলেই নামাপরাধী। বহুজন মিলিড

(৮) হে ভগবন তোমার নামই জীবের সর্ব্যক্তল বিধান করেন, এইজন্ম ডোমার কৃষ্ণ গোবিন্দাদি বছবিধ নাম তুমি বিস্তার করিয়াছ, স্বীয় সর্বশক্তি সেই নামে তুমি অর্পণ করিয়াছ এবং সেই নামস্মরণে তুমি কালাদি-নিয়ম কর নাই। প্রভা, জীবের পক্ষেক্পা করিয়া নামকে তুমি স্থলভ করিয়াছ, তথাপি আমার নামাপরাধরাপ ছক্তিব এরাপ করিল যে, ভোমার এমন স্থলভ নামেও আমার অনুরাগ জনিতে দিল ন:।

হইয়া যে নামসংকীর্ত্তন করেন, তাহাতে শুদ্ধবৈঞ্চব-দিগের যোগ দেওয়া উচিত কি না ?

বাবাজী। যে সন্ধীর্তনমগুলে নামাপরাধিগণ প্রধান হইয়া কীর্ত্তন করে, তাহাতে বৈষ্ণবের যোগ দেওয়া উচিত নয়, কিন্তু যে সন্ধীর্ত্তনমগুলে শুদ্ধবৈষ্ণব বা সামাত্য নামাভাসী প্রবল, তাহাতে যোগ দিলে দোষ হয় না; বরং নামসন্ধীর্ত্তনের মুখ লাভ হয়। অত রাত্রি অধিক হইল, কল্য নামাভাস-ভত্ববিচার প্রবণ করিবে।

বিজন্ন ও ব্রজনাথ নামপ্রেমে গদ্গদস্বরে বাবাজী মহাশয়কে স্তৃতি করতঃ তাঁহার পদধূলি গ্রহণপূর্বক বিশ্বপুষ্করিণীর অভিমুখে 'হরি হরয়ে নমঃ' গান করিতে করিতে গমন করিলেন।

নিত্যধৰ্ম্ম ও সম্বন্ধাভিধেয়প্ৰয়োজন

(প্রমেয়ান্তর্গত নামাভাগতত্ব বিচার)

পরদিন সন্ধ্যার পরেই বিজয় ও ব্রজনাথ বৃদ্ধ বাবাজী মহোদয়ের নিকট উপস্থিত হইয়া সাষ্টাক্তে প্রণাম করিলেন। অবসর পাইয়া বিজয় বিললেন—প্রভা, কুপা করিয়া নামাভাসতত্ত্ব সম্পূর্ণরূপে বলুন, আমাদের নামসম্বন্ধে তৃষ্ণা অত্যন্ত প্রবল হইয়াছে। বাবাজী বলিলেন, তোমরা ধন্য। শ্রীনামতত্ত্ব বৃষ্ধিতে হইলে নাম, নামাভাস ও নামাপরাধ—এই তিনটা বিষয় বৃষিতে হয়। নাম ও নামাপরাধবিষয়ে অনেক কথা বলিয়াছি, সম্প্রতি নামাভাস ব্যাখ্যা করিতেছি। নামের আভাসকে 'নামাভাস' বলে।

বিজয়। 'আভাস' কি ও কতপ্রকার ?
বাবাজী। 'আভাস'-শব্দে কান্তি, ছায়া ও প্রতিবিস্তাক বুঝায়; কোন প্রকাশময় বস্তার যে কান্তি
বিস্তৃত হয়, ভাহাকেই 'কান্তি' বা 'ছায়া' বলা যায়,
স্বত্রাং নামরূপ সুর্যোর ছইপ্রকার আভাস অর্থাৎ

নাম-ছায়া ও নাম-প্রতিবিদ্ধ। বিজ্ঞগণ 'ভক্ত্যাভাস,' 'ভাবাভাস,' 'নামাভাস,' 'বৈষ্ণবাভাস' এই সকল শব্দ অকুক্ষণ ব্যবহার করেন। সর্ব্বপ্রকার আভাসই 'প্রতিবিদ্ধ' ও 'ছায়া'-ভেদে তুই প্রকার।

বিজয়। ভক্ত্যাভাস, ভাবাভাস, নামাভাস ও বৈঞ্চবাভাস—এই সক্লের পরস্পার সম্বন্ধ কি ?

বাবান্ধী। বৈষ্ণব হরিনাম আলোচনা করেন;
তিনি যখন ভক্ত্যাভাসের সহিত নামালোচনা করেন,
তখন তাঁহার আলোচিত নাম 'নামাভাস'— তিনি স্বয়ং
'বৈষ্ণবাভাস'-মাত্র। ভাব ও ভক্তি— একই বস্তু, কেবল
সঙ্গোচ-বিকোচাবস্থাদ্বয়-ভেদে পুথক নামে পরিচিত।

বিজয়। কোন্ অবস্থায় জীব 'বৈষ্ণবাভাস' হন ? বাবাজী। শ্রীভাগরতে (১১৷২ ৪৭) বলিয়াছেন— "অর্চায়ামেব হরয়ে" পূজাং যঃ শ্রদ্ধয়েহতে। ন তম্ভকেষু চান্সেমু স ভক্তঃ প্রাকৃতঃ স্মৃতঃ॥" (১)

(১) যিনি শ্রীহরির প্রীতির জন্ম শ্রীমৃত্তিতেই শ্রদ্ধার সহিত পূজা করিয়া থাকেন, কিন্তু শ্রীহরির ভক্ত ও অন্য জীবসমূহে তাদৃশী প্রীতি করেন না, তাঁহাকে প্রাকৃত অর্পাৎ কনিষ্ঠ ভক্ত বলা হয়। এই শ্লোকে যে শ্রদ্ধা-শব্দ আছে, তাহা 'শ্রদ্ধাভাস'
মাত্র; কেননা, ভগবন্তক্তকে পরিত্যাগপূর্বক কৃষ্ণপূজায় যে শ্রদ্ধা, তাহা প্রকৃত শ্রদ্ধার ছায়া বা প্রতিবিদ্ব—তাহা কেবল পরম্পরাগত লৌকিকী শ্রদ্ধা মাত্র,
অনগ্রভক্তিতে যে অপ্রাকৃত শ্রদ্ধা তাহা নয়; সেই
ভক্ত্যাভাসের শ্রদ্ধা ও পূজা প্রাকৃত, অতএব তিনিও
'প্রাকৃত ভক্ত' বা 'বৈষ্ণবাভাস'। শ্রীমন্মহাপ্রভ্ হিরণ্য-গোবর্দ্ধনকে 'বৈষ্ণবভাস'। শ্রীমন্মহাপ্রভ্ হিরণ্য-গোবর্দ্ধনকে 'বৈষ্ণবভাস' বলিয়াছেন। 'বৈষ্ণবপ্রায়' শব্দের অর্থ এই যে, প্রকৃত বৈষ্ণবের স্থায় মালামুদ্রাদি-ধারণপূর্বক 'নামাভাস' করিয়া থাকেন, কিন্তু
প্রকৃত বা 'শুদ্ধবৈষ্ণব' ন'ন।

বিজয়। মায়াবাদিগণ যদি বৈষ্ণবমুক্তা ধারণপূর্বক নাম উচ্চারণ করেন, তবে তাঁহাদিগকে কি 'বৈষ্ণব আভাস' বলা যাইবে ?

বাবাজী। না, তাঁহাদিগকে 'বৈষ্ণবাভাস'ও বলা যাইবে না; তাঁহারা অপরাধী, অতএব তাঁহাদিগকে 'বৈষ্ণবাপরাধী' বলা যায়। প্রতিবিশ্ব-নামাভাস ও প্রতিবিশ্ব-ভাবাভাস আশ্রয় করিয়াছেন বলিয়া তাঁহাদিগকে বৈষ্ণবাভাস বলা যাইতে পারিত, কিন্তু

অত্যন্ত অপরাধবশতঃ তাঁহারা বৈষ্ণবনামের যোগ্য না ছওয়ায় স্বয়ং পৃথক্ হইয়া পড়েন।

বিজয়। প্রভো, শুদ্ধনামের লক্ষণ আর একটু ম্পষ্ট করিয়া বলিলে আমরা ভালরূপে বুঝিতে পারি।

বাবাজী। অন্যাভিলাষিতাশৃন্য ও জ্ঞানকর্মাদিদারা অনাবৃত, আফুকুল্যভাবের সহিত নাম করিলে শুদ্ধনাম হয়। নামের চিন্ময়ভাব স্পষ্ট উদয় করিয়া। প্রমানন্দ অমুভবের যে অভিলাষ, তাহা অন্যাভিলাষ নয়। তদাতীত নামদারা পাপক্ষয় বা মোক্ষলাভের অভিলাষাদি যত প্রকার বাসনা আছে, তাহা সমস্তই 'অন্যাভিলাষ'; অন্যাভিলাষ থাকিলে নাম শুদ্ধ হন না। জ্ঞানকর্মযোগাদির চেষ্টায় তত্তৎ বিষয়ের অবান্তর ফলকামনারহিত না হইলে শুদ্ধনাম' হয় না। প্রাতি-কুল্যভাবকে হৃদয় হইতে দূর করিয়া কেবল নামের অনুকৃল প্রবৃত্তির সহিত যে নামালোচনা, ভাহাই 'শুদ্ধনাম'। এই লক্ষণ আলোচনাপূর্বক দেখ যে, নামাপরাধ ও নামাভাসশূতা নামই শুদ্ধনাম। অতএব শ্রীকলিযুগপাবনাবতার গৌরচন্দ্র বলিয়াছেন যে—

"তৃণাদ্পি স্থনীচেন তরোরুপি সহিঞ্না_ন অমানিনা মানদেন की खेनीयः मना रुतिः ॥" (२)

বিজয়। প্রভান নামাভাস ও নামাপরাধের স্বরূপ-ভেদ কি १

বাবাজী। ৩৯ জনাম না হইলেই নামাভাস হইল: সেই নামাভাস কোন অবস্থায় 'নামাভাস' বলিয়া উক্ত হয় এবং কোন অবস্থায় 'নামাপরাধ' বলিয়া উক্ত হয়। যেস্থলে অজ্ঞতাবশত: অর্থাৎ ভ্রমপ্রমাদ্বল্ভঃ নামের অশুদ্ধ লক্ষণ হয়, সে স্থলে কেবল 'নামাভাস'; যে স্থলে মায়াবাদাদিজনিত ধূর্ত্তা, মুমুক্ষা ও ভোগবাঞ্চা হইতে অশুদ্ধ নামের উদয়, সে স্থলে নামাপরাধ হয়। যে দশটী নামাপরাধ তোমাদিগকে বলিয়াছি, তাহা যদি সরল অজ্ঞতা হইতে হইয়া থাকে, ভবে সে সমস্তই 'নামাভাস' মাত। জাতব্য এই যে, নামভাস যতদিন অপ্রাধলক্ষণ না পায়, ততদিন নামাভাস বিদৃতিত হটয়া শুদ্ধনামোদয়ের আশা থাকে, অপরাধ-

⁽২) তৃণাপেক্ষা স্থনীচ জানিয়া, তরু অপেক্ষা সহনশীল হইয়া, স্বয়ং অভিমানবজিত হইয়া অপরকে সম্মানপ্রকানপুর্বক সর্ব্বদা হরিকীর্ত্তন কর্ত্তব্য।

লক্ষণ হইলে আর সহজে নামোদয় হয় না। নাম অপরাধক্ষয়ের যে পদ্ধতি বলা হইয়াছে, তদ্ব্যতীত আর ভাল্য উপায়ে মঙ্গল উদিত হয় না।

বিজয়। নামাভাসী ব্যক্তি কি উপায় অবল্ঘন করিলে, নামাভাস (ঙ্দ্ধ) নাম হইয়া উদিত হয় ?

বাবাজী। শুদ্ধভাক্তের সঙ্গে নামালোচনা করিছে করিতে অতি শীঘ্র শুদ্ধভক্তিতে রুচি হয়, তখন যে নাম জিহবায় আবিভূতি হন, সে নাম 'শুদ্ধনাম' হন, সঙ্গে সঙ্গে নামাপরাধীর সঙ্গ পরিত্যাগ করিতে যত্ত্ব করা আবশ্যক, কেননা সেরূপ সঙ্গ থাকিলে শুদ্ধনামের উদয় হয় না। সৎসঙ্গই জীবের মঙ্গলের একমাত্র হেতু, এই জন্মই প্রাণেশ্বর গৌরচন্দ্র সনাতনগোস্বামীকে এইরূপ উপদেশ দিয়াছিলেন যে, সৎসঙ্গই ভক্তিমূল, যোষিৎসঙ্গ ও অভক্তসঙ্গ ত্যাগ করতঃ সৎসঙ্গে কৃষ্ণনাম কর।

বিজয়। প্রভা, তবে কি গৃহিণীসঙ্গ ত্যাগ না করিলে জীবের শুদ্ধনামের উদয় হইবে না ?

বাবাজী। স্ত্রীসঙ্গ পরিত্যাগ করা কর্ত্তব্য ; গৃহস্থ বৈষ্ণব বিবাহিত স্ত্রীর সহিত অনাসক্তভাবে বৈঞ্চব-

সংসার সমৃদ্ধি করেন, তাহাকে 'স্ত্রীসঙ্গ' বলে না। স্ত্রীলোকে যে পুরুষের আসক্তি এবং পুরুষে যে স্ত্রীলোকের আসক্তি, ভাহারই নাম 'যোষিৎসঙ্গ'। সেই আসক্তি ত্যাগ করিয়া গৃহস্ত-লোক শুদ্ধকৃঞ্চ-নামের আলোচনায় প্রমপুরুষার্থ লাভ করিতে পারেন।

বিজয়। প্রভা, নামাভাস কত প্রকারে লক্ষিত হয় 🤊

বাবাজী। গ্রীমন্তাগবতে বলিয়াছেন (৬।২।১৪)— সাম্বেডাং পারিহাস্তং বা স্তোভং হেলন্মেব বা। বৈকুণ্ঠনামগ্রহণমশেষাঘহরং বিজঃ॥ (৩)

নামতত্ত্ব ও সম্বন্ধতত্ত্বে অনভিজ্ঞ ব্যক্তিগণ চারি-প্রকারে নামাভাস করেন—কেহ কেহ সঙ্কেতদারা, কেহ কেহ পরিহাস দ্বারা কেহ কেহ স্তে:ভদ্বারা এবং

⁽৩) 'সঙ্কেত', 'পরিহাস', 'স্তোভ' ও 'হেলা'— এই চারিপ্রকারে ছায়।নামাভাস হয়। পণ্ডিভগণ তাদৃশ নামাভাসকে অশেষ পাপনাশক বলিয়া জানেন।

কেছ কেছ হেলনদারা নাম উচ্চারণ করতঃ নামাভাস করেন।

বিজয়। প্রভো, সাঙ্কেত্য-নামগ্রহণ কিরূপ ?

বাবাজী। অজ্ঞামিল মরণসময়ে স্বীয় পুত্রকে 'নারায়ণ' নামে আহ্বান করিয়াছিল—কুফের নাম নারায়ণ বলিয়া অজ্ঞামিলের সাঙ্কেত্য-নামগ্রহণের ফললাভ হইয়াছিল। মেচ্ছগণ শৃকরকে "হারাম, হারাম" বলিয়। ঘূণা করে। হারাম-শব্দে 'হারাম' এই ছুইটা শব্দ থাকায় সাঙ্কেত্য-নামগ্রহণফলে ভাহাদের যমযন্ত্রণা হইতে মুক্তি হয়। নামাভাসে যে মুক্তি হয়, ভাহা সর্কাশাস্ত্রসম্মত। নামাক্ষরে মুকুন্দ-সম্বন্ধ দৃঢ্রূপে গ্রথিত থাকায় নামাক্ষরের উচ্চারণে মুকুন্দস্পূর্শ ঘটিয়া পড়ে, এবং অনায়াসে মুক্তি হয়। বছকপ্টে ত্রন্মজানে যে মুক্তি হইতে পারে, নামাভাসে অনায়াসে সেই মুক্তি সকলেরই হইয়া থাকে।

বিজয়। প্রভো, পণ্ডিতাভিমানী মুমুক্ষুগণ এবং তাতত্ত্বক্ত মেচ্ছগণ এবং গ্রমার্থবিরোধী অস্কুরগণ পরিহাস করিয়া কৃষ্ণনাম গ্রহণ করতঃ মুক্তিলাভ করিয়াছেন, তাহা আনরা শাস্ত্রে অনেকস্থলে পাঠ ৫২ শ্রীনামতত্ত্ব নামাভাস ও নামাপরাধ বিচার

করিয়াছি ; স্তোভপূর্ব্বক নামগ্রহণ কিরূপ, তাহা বলুন।

বাবাজী। অসম্মানপূর্বক অন্তকে কৃষ্ণনাম করিতে বাধা দিবার সময় যে নামগ্রহণ হয়, তাহাই 'ন্ডোভ'; একজন স্থাবৈষ্ণব হরিনাম উচ্চারণ করিতেছেন, তখন একজন পাষও আসিয়া কদর্য্য-মুখভঙ্গি করতঃ বলিল, "হেঁং, তোর হরিকেষ্ঠ সকলই করিবে"—ইহাই স্থোভের উদাহরণ; তাহাতেও সেই পাষণ্ডের মুক্তি পর্য্যস্ত লাভ হইতে পারে—নামাক্ষরের এরপে স্থাভাবিক বল!

বিজয়। 'হেলন' কিরাপ ?

বাবাজী। অনাদরপূর্বক নামগ্রহণ; যথা প্রভাস-খণ্ডে—

মধুরং মধুরমেতনাঙ্গলং মঙ্গলানাং
সকলনিগমবল্লী-সংফলং চিৎস্বরূপম্।
সকৃদপি পরিগীতং শ্রদ্ধায়া হেলয়া বা
ভৃগ্ডবর নরমাত্রং তারয়েৎ কৃষ্ণনাম॥ (৪)

এই শ্লোকে 'শ্রদ্ধয়া' অর্থে আদরপূর্বক, 'হেলয়া' অর্থাৎ অনাদরপূর্বক ইহাই বুঝিতে হইবে। 'নরমাত্রং

ভারয়েৎ' এই বাক্যদারা কৃষ্ণনাম যবনদিগকেও যে মুক্তি দেন, ইহা বুঝিতে হইবে।

বিজয়। হেলন কি অপরাধ নয়?

বাবাজী। ধূর্ততার সহিত হেলন হইলে 'অপরাধ'; অজ্ঞতার সহিত হেলন হইলে 'নামাভাস'।

বিজয়। নামাভাস হইতে কি কিফল হয় এবং কি কিফল হইডে পারে না, ভাহা আজ্ঞা করুন।

বাবাজী। ভুক্তি, মুক্তি, অষ্টাদশসিদ্ধির অন্তর্গত সকল ফলই নামাভাস হইতে লাভ হয়, কৃষ্ণপ্রেমরূপ পরমপুরুষার্থ নামাভাস হইতে লাভ হয় না। যদি নামাভাসী শুষ্ভেক্তের সঙ্গক্রমে মধ্যম-বৈষ্ণুবপদে উন্নত

⁽৪) এই হরিনাম সর্ববিধ মঙ্গলের মধ্যে শ্রেষ্ঠ মঙ্গলস্বরূপ, মধুর হইতে স্থমধুর, নিখিল শ্রুতিলতিকার
চিন্ময় নিত্যফল। হে ভার্গবেশ্রেষ্ঠ, শ্রুদ্ধায় হউক কিয়া
খেলায় হউক, মানব যদি রফ্ষনাম একবারও প্রকৃষ্টরপে ভার্থাৎ নিরপরাধে থীর্ত্তন করেন, তাহা হইলে
সেই নাম তৎক্ষণাৎ নরমাত্রকে পরিত্রাণ করিয়া
থাকেন।

হইতে পারেন, তবেই গুদ্ধভক্তি লাভ করতঃ গুদ্ধ-নামের ফলে প্রেম লাভ করেন।

বিজয়। প্রভা, জগতে বহুতর বৈঞ্চবাভাস বৈঞ্চবলিঙ্গ ধারণাপূর্বক নিরন্তর নামাভাস করিয়া থাকেন,
তাঁহারা বহুদিনেও প্রেমলাভ করেন না ইহার কারণ
কি ?

বাবাজী। রহস্থ এই যে, ভক্ত্যাভাস ব্যক্তিগণ শুদ্ধভক্তিলাভের যোগ্য হইতে পারিলেও অন্যভক্তির অভাবে যাহাকে তাহাকে 'সাধু' বলিয়া সঙ্গ করে তাহাতে মায়াবাদী প্রভৃতি কুসঙ্গক্রমে শুদ্ধবৈষ্ণবের প্রতি সহসা অপরাধী হইয়া স্বীয় উন্নতিপথ রোধ করতঃ তত্তৎসঙ্গক্রমে মায়াবাদাদি অপসিদ্ধাস্তে অবনত হইয়া পড়ে; স্বতরাং শুদ্ধভক্তি হইতে দূরে পড়িয়া ক্রমশঃ অপরাধিশ্রেণীভুক্ত হয়। যদি তাহাদের পূর্বস্কৃতিপ্রবল হইয়া কুসঙ্গ হইতে তাহাদিগকে পৃথক্ রাথে এবং সৎসঙ্গ আনিয়া উপস্থিত করে, তবেই তাহাদিগের শুদ্ধ বৈষ্ণবতা লাভ হয়।

বিজয়। প্রভো, নামাপরাধের ফল কি ? বাবাজী। পঞ্চবিধ পাপ কোটাগুণিত হইলেও নামাপরাধের তুল্য হয় না; নামাপরাধের ফল সহজেই বুঝিতে পারিবে।

বিজয়। প্রভা, নামাপরাধের ফল যেন তদ্রপ নামাপরাংসময়ে যে নামাক্ষর উচ্চারিত হয় ভাহার কি কোন সুফল নাই ?

বাবাজী। নামাপরাধী যে ফল বাঞ্ছা করিয়া নাম উচ্চারণ করেন, নাম সেই ফল তাহাকে দিয়া থাকেন; কিন্তু কখনও তাহাকে প্রেমফল দেন না। সঙ্গে সঙ্গে তাহার নামাপরাধের ফলভোগ হয়। নামাপরাধী শঠতাসহকারে যে নাম করে, তাহার ফল এইরাপ। অনেক সময়ে নামাপরাধী শঠতার অনবসরে নাম উচ্চারণ করেন; সেই নাম তাঁহার স্কুক্তি মধ্যে সংগৃহীত হয়, ক্রেমে ক্রেমে সেই সুকৃতি পুষ্ট হইলে শুদ্ধনামপরায়ণ সাধ্র সঙ্গ হয়; তখন নামাপরাধী অবিশ্রান্ত নাম গ্রহণপূর্বক নামাপরাধ হইতে মুক্তিলাভ করেন; এই প্রণালীক্রমে স্থপ্রতিষ্ঠিত মুমুক্ষুগণও ক্রমশঃ হরিভক্ত হইয়াছেন।

বিজয়। একনামে যখন সমস্ত পাপ হরণ করিতে প্রায় তান অবিশ্রাস্ত নামের প্রয়োজন কেন হইল ?

৫৬ শ্রীনামতত্ত্ব নামাভাস ও নামাপরাধ বিচার

বাবাজী। নামাপরাধিগণের চিত্ত ও ব্যবহার সর্বাদা দূষিত স্বভাবতঃ তাহারা বহিন্দ্র্য, স্বতরাং সাধুব্যক্তিবা সাধুবস্ত বা সংকার্য্যে তাহাদের সর্বাদা অরুচি। অসংপাত্রে, অসংসিদ্ধান্তে ও অসংকার্য্যে তাহাদের নৈস্গিক রুচি। অবিঞান্ত নাম করিলে আর সেরূপ অসংসঙ্গ ও অসংকার্য্যে অবসর হয় না, স্বতরাং অসংসঙ্গাভাবে নাম ক্রমশঃ শুদ্ধ হইয়া সদ্বিষয়ে বল বিধান করেন।

বিজয়। প্রভো, আপনার শ্রীমুখ হইতে শ্রীনামতত্ত্বের অমৃতপ্রবাহ আমাদের কর্ণকৃহর দিয়া হৃদয়ে
প্রবেশপূর্বেক আমাদিগকে নামপ্রেমরসে উন্মন্ত করিতেছে। অভ আমরা নাম, নামাভাস ও নাম
অপরাধ পৃথকৃ পৃথক্ করিয়া জানিতে পারিয়া কৃতার্থ
হইলাম; উপসংহারে যাহা আজ্ঞা করিবেন, তাহা
ভিনিতে লালসা জনিতেছে।

বাবাজী। পণ্ডিত জগদানদের 'প্রেমবিবর্ত্তে, একটী উপদেশ আছে, তাহা শ্রহণ কর—

> অসাধ্সঙ্গে ভাই, কৃষ্ণনাম নাহি হয়। নামাক্ষর বাহিরায় বটে, তবু নাম কভু নয়॥

কভু নামাভাস হয়, সদা নাম-অপরাধ। এ সব জানিবে, ভাই, কৃষ্ণভক্তির বাধ॥ যদি করিবে কৃষ্ণনাম, সাধুসঙ্গ কর। ভুক্তিমুক্তিসিদ্ধিবাঞ্চা দূরে পরিহর॥ 'দশ অপরাধ' ত্যজ মান-অপমান। অনাসক্ত্যে বিষয় ভুঞ্জ আর লহ কৃষ্ণনাম॥ ক্বীঞ্চন্তির অমুকূল সব করহ স্বীকার। কৃষ্ণভক্তির প্রতিকৃল সব কর পরিহার ॥ জ্ঞান-যোগচেষ্টা ছাড় আর **কর্ম্মসঙ্গ**। মর্কটবৈরাগ্য ত্যজ যাতে দেহ-রক্স॥ কৃষ্ণ আমায় পালে, রক্ষে—জান সর্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল।। সাধু পাওয়া কষ্ট বড়, জীবের জানিয়া। সাধুভক্তরূপে কৃষ্ণ আইল নদীয়া॥ গোরাপদ আশ্রয় করহ বৃদ্ধিমান্। গোরা বই সাধুগুরু কেবা আছে আন ॥ বৈরাগী ভাই, গ্রাম্যকথা না শুনিবে কানে। গ্রাম্যবার্তা না কহিবে, যবে মিলিবে আনে॥ স্বপনেও না কর, ভাই স্ত্রী-সন্তাষণ। গৃহে স্ত্রী ছাড়িয়া, ভাই, আসিয়াছ বন॥

যদি চাহ প্রণয় রাখিতে গৌরাঙ্গের সনে। ছোট হরিদাসের কথা থাকে যেন মনে॥ ভাল না খাইবে, আর ভাল না পরিবে। হৃদয়েতে রাধাক্ষ**় স**র্বদা সেবিবে॥ বড় হরিদাসের স্থায় কৃষ্ণনাম বলিবে বদনে। অষ্টকাল রাধাকৃষ্ণ সেবিবে কুঞ্জবনে ॥ গৃহস্থ, বৈরাগী—তুঁহে বলে গোরারায়। দেখ ভাই, নাম বিনা যেন দিন নাহি যায়॥ বহু-অঙ্গ সাধনে, ভাই, নাহি প্রয়োজন। কুষ্ণনামাশ্রয়ে শুদ্ধ করহ জীবন॥ বদ্ধজীবে কুপা করি, কুষ্ণ হৈল নাম। কলিজীবে দয়া করি' কৃষ্ণ হৈল গৌরধাম॥ একান্ধ সরলভাবে ভজ গৌরজন। তবে ত' পাইবে, ভাই, দ্রীকৃষ্ণচরণ ॥ গৌরজন সঙ্গ কর গৌরাঙ্গ বলিয়া। 'হরেকুষ্ণ' নাম বল নাচিয়া নাচিয়া॥ অচিরে পাইবে ভাই নাম-প্রেমধন। যাহা বিলাইতে প্রভু নদে' এ আগমন ॥ বৃদ্ধ বাবাজী মহাশয়ের বদনে শ্রীজগদানন্দের

'প্রেমবিবর্ত্ত' ভাবণ করিয়া বিজয় ও ব্রজনাথ মহাপ্রেমে আকুদ হইয়া পড়িলেন। বাবাজী মহোদয় অনেকক্ষণ অচেতনপ্রায় থাকিয়া বিজয় ও ব্রজনাথের গলদেশ ছুই হাতে ধারণ করিয়া কাঁদিতে কাঁদিতে এই গান করিতে লাগিলেন.—

কুণ্নাম ধরে কত বল।

বিষয়-বাসনানলে. মোর চিত্ত সদা জলে.

রবিতপ্ত মরুভূমি সম।

কর্ণরন্ত্র পথ দিয়া, ত্রদিমাঝে প্রবেশিয়া,

বরিশয় সুধা অসুপম॥

হাদয় হইতে বলে, জিহ্বার অগ্রেতে চলে.

শব্দরূপে নাচে অনুক্ষণ।

কণ্ঠে মোর ভঙ্গে স্বর, অঙ্গ কাঁপে থরথর, স্থির হৈতে না পারে চরণ॥

চক্ষে ধারা দেহে ঘর্মা, পুলকিত সব চর্মা, বিবর্ণ হইল কলেবর।

মুচ্ছিত হইল মন, প্রলয়ের আগমন, ভাবে সর্বর দেহ জর জর ॥

করি' এত উপদ্রব, চিত্তে বর্ষে স্থধান্তব, মোরে ডারে প্রেমের সাগরে।

- ৬০ শ্রীনামতত্ত্ব নামাভাস ও নামাপরাধ বিচার
- কিছু না বুঝিতে দিল, মোরে ত' বাতৃল কৈল, মোর চিত্তবিত্ত সব হরে॥
- লইনু আশ্রয় যাঁ'র, হেন ব্যবহার তাঁ'র, বণিতে না পারি এ সকল।
- কৃষ্ণনাম ইচ্ছাময়, যাহে যাহে সুখী হয়, সেই মোর সুখের সম্বল॥
- প্রেমের কলিকা নাম, অন্তুত রসের ধাম, হেন বল করয়ে প্রকাশ।
- ঈষৎ বিকশি' পুনঃ, দেখায় নিজ রূপ-গুণ, চিত্ত হ'রি লয় কৃষ্ণপাশ ॥
- পূর্ণ বিকশিত হঞা, ব্রুজে মোরে যায় লঞা দেখায় মোরে স্বরূপ-বিলাস।
- মোরে সিদ্ধ-দেহ দিয়া, কৃষ্ণপাশে রাখে গিয়া, এদেহের করে সর্ব্বনাশ।
- কৃষ্ণনাম-চিন্তামণি, অথিল রসের খনি, নিত্যমুক্ত শুদ্ধর সময়।
- নামের বালাই যত, সব ল'য়ে হই হত, তবে মোর সুখের উদয় ॥ ৮॥

এই নাম গান করিতে করিতে অর্দ্ধরাত্র হইল। নাম সমাপ্ত হইলে বিজয় ও ব্রজনাথ গুরুদেবের আজ্ঞা লাভ করতঃ নামরসে মগুহইয়া নিজ স্থানে গমন করিলেন।



Publications from Sri Chaitanya Saraswat Math শ্রীচৈতন্য-সারম্বত মঠ হইতে প্রকাশিত ও প্রাপ্তব্য গ্রন্থাবলী

1. শ্রীভব্তিরসামৃতসিন্ধ, (প্রেবিভাগ ও দক্ষিণ-বিভাগ) 2. শ্রীভক্তিরসাম,তসিন্ধ, (পশ্চিমবিভাগ ও উত্তর্রবিভাগ) যাত্রন্থ, 3. প্রীপ্রীপ্রপান জ্বীবনাম্ত্রন্ 4. দ্রী দ্রীমান্ডাগবত গাঁতা 5. দ্রীশরণাগতি, 6. কল্যাণ-কম্পতর 7. শ্রীতম্ববিকে ৪. শ্রীচেতন্যাদেবের বৈশিষ্ট্য 9. শ্রীকুষ্ণকণ্মিত 10 গীতাবলী 11. পরমার্থ-ধর্ম-নির্ণয় 12. উপদেশামতে 13. অচ্চ'ল কল 14. শ্রীলোড়ীয়-দর্শন 15. কীন্তন-মঞ্জ্যো 61. শ্রীকৃষ্ণ সংহিতার উপসংহার 17. শ্রীপ্রেমধাম-দেব-স্থোরমা 18. অমৃত বিদ্যা 19. শ্রীগোড়ীয় গীতাঞ্জলি 20. শ্রীগোড়ীয়-পৰ্ব তালিকা 21. শ্রীকৃষ্ণান্শীলন-সংঘ্রাণী। 22. নবাবীপধাম-মাহাতা 23. নবদ্বীপ ভাৰতরঙ্গ 24. শ্রীনামতত্ত্ব-নামাভাস ও নামাপরাধ বিচার 25. Ambrosiā in The Lives of The Surrendered Souls. 26. The Search for Śri Kṛṣna: Reality The Beautiful (English, Spanish & Italian). 27. Śrī Guru & His Grace (Eng. & Spanish). 28. The Golden Volcano of Divine Love. (Eng. & Spanish), 29. Śrī Śrimad Bhāgavad Gitā, The Hidden Treasure of The Sweet Absolute. 30. Śrī Śrī Prapanna Jivanāmritam (Life Nectar of The Surrendered Souls) 31. Loving Search For The Lost Servant 32. Relative-Worlds. 33. Śrī Śrī Prema Dhāma Deva Stotram (Eng. Beng. Hindi. Spanish. Dutch & French) 34. Reality By Itself & For Itself. 35. Levels of God Realization The Kṛṣṇa Conception. 36. Evidenciā. 37. Śrī Gaudiya Darsan. 38. The Bhāgavata. 39. Sādhu Sanga. (Monthly) 40. La Busqueda De Śrī Krspa. 41. The Scarch. 42. The Divine Message. 43. Haridās
Thākur, 44. The Guardian of Devotion.
45. Lives of The Saints 46. Subjective
Evolution. 47. Ocean of Nectar.

Printer & Publisher:—Sri Rāma Chandra
Brahmachāry
Sri Chaitanya Saraswat Printing Works
Sri Chaitanya Saraswat Math
Kolerganj, P. O.—Nabadwip
Dt. Nadia, West Bengal, India.

বিষয়-দূচী

	বিষয়	পত্রাঙ্ক
21	নামতত্ত্ব বিচার	2
२ ।	নাম অপরাধ বিচার	\$8
0 1	নামাভাসতত্ত্ব বিচার	80

বর্ণানুক্রমে শ্লোক-সূচী

1	বিঃ-পৃঃ-শ্লোঃ	বিঃ-পৃঃ-ক্লোঃ	
ওঁ আহস্য	३ ।७५।३	এ তৎ ষড়্বৰ্গ-	2120125
অ গচ্ছিৎস্বরণং	2120 58	কিং করিষ্যতি	212022
<u> অর্চ্চায়ামেব</u>	018612	কৃতে যদ্ধ্যায়তো	১।১৫।২৬
প্রভাগতয়োমর্জ্র	11 2125	কুষ্ণেতি মঙ্গলং	२।०७।८
অবশেনাপি	১৷৬৷২	গোকোটীদানং	2120122
আধয়ো ব্যাধয়ে	21910	তী ৰ্থকোটী	212120
ইদমেব হি	2128150	তৃণাদপি	@18R15
ধাণমেতৎ	2128155	পা নৱতভপ-	2120120

বিঃ-পৃঃ-শ্লোঃ		বিঃ-পৃঃ-ঞ্লোঃ	
না গ্ৰৎপশ্যামি	२।७७:७	য থা যথা	5 6 9
নাম চিস্তামণিঃ	५ १८७८ ४	যদভার্চ্চা হরিং	2126156
নাম সংকীর্ত্তনং	2,28 52	যলামকীর্ত্তনঃ	২ ।৩৪।৪
নামাপরাধ	२ २८ ১	যরামধেয়ং	21418
নায়ামকারি	२ ।8२ ४	শ্ৰেড স্মৃতি	২ ৩৪ ৩
নামোইস্থ	২৷৩৫ ৭	স্ক্ত স্ক্ৰালে	ষু ১৷১৩৷২০
নারায়ণ জগ রাথ	2122124	সর্ব্বরোগো-	21916
নারায়ণাচ্যু তানস্ত	2120'28	সহস্রনায়াং	2128 52
নোচ্ছিষ্টাদো	2125129	সাক্ষেত্যং	୭।ଓ୦ ୭
বিষ্ণোরেকৈকং	712R'SR	স্থানে হৃষীকেষ	2122178
ম ধুরং	৩ ।৫২।৪	হ রে কেশব	21816
মহাপাত ক	21918	হরেনামৈব	21612
মা ঋচো	ढाढाट		

--:#:---

বিঃ জঃ—বিঃ—বিষয় স্চী। পৃঃ—পৃষ্ঠা স্চী। শ্লোঃ—শ্লোক স্চী ব্ঝিতে হইবে।

Available At :--

- (1) Sri Chaitanya Saraswat

 Math Kolerganj,
 P. O. Nabadwip, Dt. Nadia,

 West Bengal, India.
- (2) Sri Chaitanya Saraswata
 Krishnanushilana Sangha
 (Regd. No.—S 46506)
 487, Dum Dum park,
 (OPP. tank no. 3)
 Cal.—700055 Phone:—57-3293.
- (3) Sri Chaitanya Saraswat Asharam Vill. & P. O. Hapania, Dt. Burdwan West Bengal.
- (4) Sri Chaitanya Saraswata Krishnanushilana Sangha Gourbarsahi, Swargadwar P. O. & Dt. Puri Orissa. india.

"হরে রুফ হরে রুফ রুফ রুফ হরে হরে। হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥"

'প্রভু কহে—কহিলাম এই মহামন্ত্র।
ইহা জপ গিয়া সবে করিয়া নির্বক্ত ॥
ইহা হইতে সর্বসিদ্ধি হইবে সবার।
সর্বক্ষণ বল ইথে বিধি নাহি আর॥
কি ভোজনে কি শয়নে কিবা জাগরণে।
অহর্নিশি চিন্ত কৃষ্ণ বলহ বদনে॥
যদি আমা-প্রতি স্নেহ থাকে সবাকার।
কৃষ্ণ বিনা কেহ কিছু না বলিবে আর॥"